# ব্রন্ধার্যা

# পরিজ্ঞান্ত শ্রীমৎ স্বামী জগদীশ্বরানন্দ প্রণীত



শ্রীরামক্রম্ণ ধর্মচক্র বেপুড় প্রকাশিকা
সন্ন্যাসিনী মহাগোরী সরস্বতী
শ্রীরামকৃষ্ণ ধর্মচক্র
২১১ এ, গিরিশ ঘোষ রোড, বেলুড়
পোঃ—বেলুড়মঠ, জেলা—হাওড়া, পশ্চিমবক

প্রথম প্রকাশ-->৩৬০-->১০০

## ক্ৰিকাভার প্ৰাপ্তিস্থান:

১। মহেশ লাইব্রেরী ২।১, ভামাচরণ দে ফ্রীট কলেজ ফোরার, কলিকাতা—৭০০০১২ ২। সংস্কৃত পুত্তক ভাণ্ডার 🦻 ৬৮, বিধান সর্বণী কলিকাতা-৭০০০৬

### নিবেদন

করাচিন্থ শ্রীরামক্রম্ভ মঠ ও মিশনের অধ্যক্ষরপে আমি মান্তাজের বেদান্তকেশরী মানিকে ১৯৪১ শ্রীরান্তের জ্লাই মানে ব্রহ্মহর্য্য সম্বন্ধে একটি ইংরাজী প্রবন্ধ লিখিয়াছিলাম। সেই প্রবন্ধ উক্ত বৎসর করাচির 'ডেলি গেজেট' নামক ইংরাজী দৈনিকে প্নরায় প্রকাশিত হয়। এই ছই প্রসিদ্ধ পত্রিকায় প্রবন্ধটি পড়িয়া মান্তাজ ও সিদ্ধ প্রদেশের বহু পাঠক-পাঠিকা আমাকে পত্র ঘারা উহাকে পরিবর্ধিত আকারে পুত্তিকার প্রকাশ করিতে অমুরোধ জানান। উল্লিখিত বন্ধু-বান্ধবীদের উৎসাহজনক অমুরোধ পরিপ্রণার্থ ১৯৪১ শ্রী: অক্টোবর মাসে একটি ইংরাজী পুত্তিকা প্রকাশিত হয়। ঈশর-ক্রপায় উক্ত পুত্তিকা এক বৎসরের মধ্যেই নিংশেষিত হইয়া যায়। সৌভাগ্যক্রমে উহা ভারতে ও বিদেশে প্রচারিত হয় এবং পাঠকর্ম্ম ও বিভিন্ন পত্রিকার উচ্চ প্রশংসা লাভ করে। দক্ষিণ আফ্রিকা হইতে কোন পাঠক লিখিয়াছিলেন, "এই পুত্তিকা প্রত্যেক গৃহে ও প্রত্যেক সাধারণ গ্রহাগারে বক্ষণযোগ্য। পৃথিবীর স্কল-কলেজের লাইত্রেরীগুলিতে এই বইটি রাখা আরও প্রয়োজন।" ইয়া অতিশ্র তৃথিপ্রদ যে, পুত্তিকাটি অন্তত করেকজন পাঠক-পাঠিকার কাছে ভাল'লাগিয়াছে।

উহার পরিবর্ষিত বিত্তীর সংস্করণ প্রকাশিত হর ১৯৪০ খ্রী: জুলাই মাসে বোষাইএর থ্যাকার এয়াও কোম্পানি লিমিটেড কর্তৃক। "ক্যালকাটা রিভিউ" নামক বিখ্যাত ইংরাজী মাসিকে উহার যে পরিচর প্রকাশিত হর, উহার একাংশে আছে, "সর্যাসী গ্রহকার এই পুস্তকে ব্রম্পচর্য্য সম্পর্কীর অনেক জাতব্য বিষর আলোচনা করিয়াছেন হিন্দুণাল্লে এবং চিকিৎসা-বিজ্ঞানে বিশেষজ্ঞগণের বাক্যোদ্ধারপূর্বক শরীর-তম্ব, মনন্তম্ব ও স্মাজ-তন্বের আলোকে। ভক্ষণ পাঠক-পাঠিকাদিগকে ইহা অব্রহ্মচর্য্যের অনিষ্ট সম্বন্ধে সন্তর্ক করিবে এবং স্বাস্থ্য ও শক্তি লাভে অশেষ সহারক হইবে। ছাত্রছাত্রীগণ ব্যাপকভাবে এই পুন্তিকা যতই পড়িবে, ততই স্বাস্থালাভে সমর্থ হইবে এবং দেশেরও কল্যাণ হইবে।" আন্তরিক আগ্রহ সন্ত্তেও পূর্ণ এক দশক পরে ইহার বাংলা সংস্করণ প্রণামন ও প্রকাশন সন্তব হইল।

ইংরাজী মনীধী জে. এস. মিল সভাই বলিয়াছেন, "সমাজ যে সকল অনিষ্ট হইতে কষ্টভোগ করিতেছে, সেইগুল মুক্ত কণ্ঠে প্রকাশ করিলে অপসারণের সন্তাবনা।" স্বামী বিবেকানল ও মাহাত্মা গান্ধী প্রমুধ অমর সংস্কারকগণের পদাক্ষ অফুসরণ পূর্বক আমি বর্তমান অবনতির মূল কারণ নির্দেশ করিতে সাহসী হইরাছি। বিভিন্ন ভারতীয় ও পাশ্চাত্য বিশেষজ্ঞের মস্তব্য উদ্ধৃতি সহায়ে আমি দেখাইতে চেষ্টা করিয়াছি যে, ব্রহ্মচর্য্য পালনই আমাদের ব্যক্তি ও সমষ্টি জীবনের মূল ভিত্তি এবং ইহা ব্যতীত সকল উন্নতির আশা কলনাপ্রস্ত ও স্থার পরাহত। অব্দ্রুচর্য্যই ভটিলতম বুগ-সমস্তা বা জীবন-সমস্তা। রাষ্ট্র-পূঞ্জ এই সমস্তা সমাধানে যত্তই যত্ত্বীল হইবেন, তত্তই বিশ্বশান্তি সমীপবর্তী হইবে, অক্তথা চিরকাল ইহা দূরবর্তীই থাকিবে।

উক্ত আদর্শ উপস্থাপনে আমি কতদ্র কৃতকার্য হইয়াছি, তাহা চিন্তাশীল পাঠক-পাঠিকাগণের বিচার্য। তবে ইুষদি এই পুত্তক তরুণ-তরুণীদিগকে দৈনন্দিন জীবনে বীর্যধারণের প্রয়োজনীয়তা ক্দগত করিতে সহায়ক হয়, তাহা হইলে আমার সকল শ্রম সার্থক হইবে।

যে সকল পুস্তকের সাহাব্য লইরাছি, তক্মধ্যে অনেকগুলির নাম বথাস্থানে উলিখিত হইরাছে। ব্রহ্মচর্ব্য পালনের উপযোগী অনেক নিরম ও নির্দেশ উল্লেখ করিরাছি। স্থান্ত সংকল্প লইরা বীর্যাধারণে অগ্রসর হইলে নিশ্রন্থই সাফল্য লাভ হয়। ইহা মহাজ্মা গান্ধীর অপূর্ব জীবনে বর্ত্তমান জগৎ দেখিরা তত্তিত হইরাছে। তিন মাস আজ্বিক প্রচেষ্টা করিলে ব্রহ্মচর্ব্যের উপকারিতা

আমরা নিশ্বরই অন্থত্ত করিতে পারিব। এই বিষয়ে বাংলায় বহু গ্রন্থ থাকা সন্থেও বর্তমান পুত্তক রচনার প্রয়োজন এই যে, বিষয়টি ইহাতে নৃতন দৃষ্টিভদীতে আলোচিত এবং কালোপযোগী করিয়া লিখিত। এই পুত্তক প্রণয়ণে ও প্রকাশনে আমার প্রধান সহযোগী ছিলেন করেকটি শিক্ষিত তরুণ। তন্মধ্যে একজন অধিকাংশ পুত্তকের প্রথম প্রফ দেখিরা দিয়াছেন। ভাহাদের অক্লান্থ ও অকুঠ সাহায্য ব্যতীত আমার পক্ষে বর্তমান জরা-বার্ধক্যে এই পুত্তক-রচনা ও মৃত্যুণ সম্ভব হইত না।

শ্ৰীবামক্ষ ধর্মচক্র

বেলুড়

স্বামী জগদীশ্বরানন্দ রথযাত্রা, আযাঢ়, ১৩৫৯

### গ্রন্থকার ও গ্রন্থমর্ম

পরম শ্রেষে গ্রন্থকাবের সহিত আমাদেব পরিচর বহু বংসরের। এই দীর্ঘকাল ধরিরা তাঁহার বহুমুখী কর্মজীবনের কয়েকটি বর্ণোজ্জল অধ্যায়ের সঙ্গে ঘনিষ্ট ভাবে সংশ্লিষ্ট পাকিবার সোঁভাগ্য আমরা লাভ করিয়াছি। সেই হেতু আমরা 'প্রাংগুলভা ফললোভে উদ্বাহু বামনবং' হইলেও স্থপণ্ডিত গ্রন্থকারের সংক্ষিপ্ত পরিচিতি প্রদানে ও বর্তমান গ্রন্থের মর্মবিশ্লেষণে সাহসী হইয়াছি। এই প্রসঙ্গে যাহা সর্বাগ্রে উল্লেখযোগ্য ও সর্বাপেক্ষা প্রশ্লোজনীর তাহা এক কথার প্রকাশ করিতে গেলে বলিতে হয়, আলোচ্য গ্রন্থটির যাহা সারমর্ম ভাহাই সর্রাসী গ্রন্থকারের জীবন-হর্ম। এই মন্তব্য যে বিল্পুমাত্র অতিরক্ষন নর তাহা উ'হারাই সম্যকরণে উপলব্ধি করিবেন, যাহারা তাহার জীবন-হর্বার সহিত অন্তরক্ষ ভাবে জড়িত আছেন। পুস্তকের ক্ষুদ্র কলেবরে দেশের উদীর্মান তরুণ সমাজের সন্মুথে যাহা ধরা হইয়াছে, এবং যে বানী, উপদেশ ও নির্দেশ দেওরা হইয়াছে তাহা লেখকের জীবন-বর্তিকা হইতে বিশিষ্ট নিম্পাণ মৃতশিখা নয়। উহা তাহার স্বাভাবিক জীবন-বাণী। সেলক ব্রন্থক্য আদর্শের আলোচনা এই গ্রন্থে মামূলি কথার কথা হইয়া দ্বাড়ার নাই, লেখকের জীবনে উহা ভাল্বর সত্য-মুর্তি পরিগ্রহ করিয়াছে।

পরমহংস প্রীরামক্রফের অক্সতম অস্তরক পার্ষণ মহাপুরুষ স্থামী শিবানন্দের দিব্য স্পর্শে আসিরা গ্রন্থকার ছাত্র জীবনেই গৃহত্যাগপূর্বক বেল্ড মঠে যোগদান করেন। তথন হইতে রামকৃষ্ণ বিবেকানন্দের সঞ্জীবনী ভাবধারার উদ্ধ হইরা তিনি সনাতন হিন্দু ধর্মের পুণ্য মন্দাকিনীকে শিরোত্রত করেন। তপন্থী শিবানন্দের পূত পদাশ্রেরে দীর্ঘকাল অতিবাহন করিরা তিনি তাঁহারই

নিকট ব্রহ্মচর্য্য ও সন্ন্যাস বতে দীক্ষিত হন। তদ্বধি হিন্দুধর্মের সাধন বক্ষণ ও প্রচারকে তিনি তাঁহার যতি-জীবনের দিব্য দার্রপে গ্রহণ করেন। এই শুরুদারিত্বের পবিত্র হোমকুণ্ডে তাঁহার ত্যাগোদ্দীপ্ত চির কুষার জীবন উৎসর্গীক্ষত। স্বামী বিবেকানন্দ তাঁহার ধ্যানের ভারতকে লক্ষ্য করিয়া বলিরাছেন, "ত্যাগ ও সেবাই আমাদের জাতীয় আদর্শ। এই ছই প্রণালীতেই আমাদের সমস্ত কর্মধারাকে চালিত করিতে হইবে।" প্রস্তাপদ গ্রন্থকারের জীবন উক্ত ত্যাগ ও সেবার বেদীমুলে নিবেদিত। আসমুত্র হিমাচল ভারত, সিংহল ও ব্রহ্মদেশ ব্যাপক পরিত্রমণপূর্বক তিনি দীর্থকাল তীর্থাদি দর্শন এবং হিন্দু ধর্ম ও সংস্কৃতির অক্লান্ত প্রচারে ব্যাপৃত, শাকেন।

খামী জগদীখরানন্দ বাংলার অক্তন প্রবীণ ও পণ্ডিত সন্ত্যাসী। ১৯২৫-১৯৫১ প্রীপ্তান্থ স্থান্ত স্থান্থ স্থান্থ স্থান্থ স্থান্থ স্থান্থ সাতাল বৎসর তিনি প্রীরামকৃষ্ণ মঠ ও মিশনের বিভিন্ন কেন্দ্রে ধর্মপ্রচারে ও সেবাকার্যে ব্রতী ছিলেন। বরিশাল, দেওবর, দিল্লী, মহীশুর, কালী, রেঙ্গুন, কলখো, লাহোর ও করাচি প্রভৃতি স্থানে রামকৃষ্ণ মিশনের যে সকল আশ্রম আছে, সেইগুলিতে তিনি অভক্র সাধবরূপে কার্য করেন। তিনি ১৯৪০-৪২ প্রীপ্তান্থ করাচীতে (পাকিস্থানে) অধুনালুপ্ত প্রীরামকৃষ্ণ মঠ ও মিশনের অধ্যক্ষ ছিলেন। সিদ্ধুদেশে হিল্মু ছাত্র-ছাত্রীগণ সংস্কৃত শিক্ষার কোন স্থান্য পাইত না এবং বাধ্য হইল্লা আরবী ও ফারসী পড়িত। ইহা দেখিলা তিনি সমগ্র সিদ্ধুদেশের হাইস্কুলসমূহে সিন্ধী হিল্মু ছাত্র-ছাত্রীদের সংস্কৃত শিক্ষা ব্যবস্থার জন্ত সচেষ্ঠ হন এবং আশাস্থর্কণ সাফল্যলাভ করেন। তথন সিন্ধীভাষা কিরূপে আরবী ও ফার্সী প্রভাবে বিক্বত হইতেছিল, তৎসম্বন্ধে তিনি ১৯৪২ খ্রী: মডার্শ্ব বিভিন্ত পত্রিকাল একটি তথ্যপূর্ণ প্রবন্ধ লিখিলাছিলেন। বরিশাল রামকৃষ্ণ মিশনের অধ্যক্ষরূপে তিনি পূর্ববন্ধ ও আসামের গ্রামে গ্রামে প্রান্ধি ম্যাজিক-লঠন সাহায্যে শ্রীরামকৃষ্ণ এবং স্থানী বিবেকানন্দের জীবনী ও বাণী প্রচার করেন। ১৯৪২ শ্রীইাম্বের শেষভাগে করাচী আশ্রমের অধ্যক্ষতা

हरेए अवमत श्रह्मभूर्वक जिनि महात्राष्ट्रे, श्वद्यारे, काश्विताचाए, तास्त्रान, मिष्टानन, कामीत वर उखत्रशाप्ता महाकाराता वर शकार इत्रा ७ **एक्नीमापि आ**रेगि एका मिक सान भविष्मानारस्य एवं एथा भूर्व क्षेत्रकारमी क्षेत्रमा করেন, সেইগুলি তৎপ্রণীত "আমার ভ্রমণ" নামক পুস্তকে প্রকাশিত ইইরাছে। পুষ্ণর তীর্থে কিছুকাল তপস্তা করিয়া তিনি ১৯৪৪ এটাকে আঙ্মীর শহরে রামক্বফ আশ্রম প্রতিষ্ঠা করেন। উক্ত আশ্রম অধুনা নিজম্ব ভূমিতে ও স্থারী গৃহে প্রতিষ্ঠিত। ইহাই সমগ্র রাজস্থানে প্রথম রামকৃষ্ণ আশ্রম। কল্মো রামক্রফ মিশনে অবস্থান কালে ১৯৩২ খ্রীষ্টাম্বের ডিসেম্বর চইতে ১৯৩৩ সালের জুন পর্যস্ত তিনি যে আটটি বেতার বক্ততা দিয়াছিলেন সেইগুলি স্থানীয় বৌদ্ধ, ইংবাজ, গৃষ্টান ও মুসলমান প্রোত্মগুলী কর্তৃক সাগ্রহে শ্রুত হয়। বেঙ্গুনে রামকৃষ্ণ মিশন সোসাইটির অধ্যক্ষরূপে উক্ত শহরে ভিনি ভুলনামূলক ধর্ম সম্বন্ধে যে সকল ধারাবাহিক বজতা দিয়াছিলেন, ভদ্বারা শ্রীরামক্রফ প্রবৃত্তিত সর্বধর্ম সমন্বয়ের বাণী উক্ত বৌদ্ধ দেশে বিস্কৃত ভাবে প্রচারিত ২ইরাছিল। তিনি সিংহল, ব্রহ্মদেশ ও কাশীর প্রভৃতি স্থানের যে ভ্রমণকাহিনী প্রকাশ করিয়াছেন, তাহা পড়িলে বোঝা যায়, তাহার ঐতিহাসিক দৃষ্টি-দীপ কিব্ৰপ সমুজ্জন। তিনি আমাদিগকে বলিতেন, 'দাৰ্শনিক पृष्टिक्वी बहेबा रेजिशांन १ फिर्ट व्यर खेजिशांनिक पृष्टिक्वी बहेबा पर्नन পড়িবে " প্রায় বিশ বৎসর যাবৎ 'মডার্ণ রিভীউ.' 'প্রবৃদ্ধ ভারত', এরিয়ান পার 'বেদান্ত কেশরী' ও 'ইণ্ডিয়ান বিভীউ,' এবং 'প্রবর্তক.' 'উদ্বোধন,' 'বস্থমতী,' 'প্রবাদী,' 'বিশ্ববাদী,' 'উত্তরা,' ও 'ভারতবর্ষ প্রভৃতি প্রদিদ্ধ ইংরাজী ও বাংলা মাসিকে তাঁহার সারগর্ত প্রবন্ধাবলী ও স্থচিন্তিত সমালোচনা-সমূহ প্রকাশিত হইরাছে। ইংলও এবং আমেরিকার করেকটি মাসিক পজেও তাঁহার অনেক প্রবন্ধ বাহির হইরাছে। করাচীর 'দিলু অবজার্ডার,' माखारणद 'हिम्मू,' बचारमरमद 'दिशून छोट्रेम्म,' वाशाहरद्वद 'वरश क्निकम,' কলবোর 'নিলোন অবজার্তার,' দিল্লীর 'হিন্দুস্থান টাইমন,' এবং কলিকাতার

'হিন্দুখান ষ্টাণ্ডার্ড' প্রভৃতি ইংরাজী দৈনিকে তাঁহার স্থলিখিত রচনাবলী প্রকাশিত হইত। বাংলায় ও ইংরাজিডে তাঁহার ৭০।৭৫ থানি পুন্তক আছে। ধর্ম, দর্শন, চিকিৎসা, যোগ, ইতিহাস, জীবনী নাটক, বেদাস্ত প্রভৃতি বিভিন্ন বিষয়ে তাঁহার গ্রন্থাবলী বিরচিত। তদন্দিত গীতাও চণ্ডী এই পর্যন্ত দশটি সংস্করণে প্রায় আড়ই লক্ষ মুদ্রিত হইয়াছে। তদন্দিত 'গীতা' সম্বন্ধে কবি রবীক্রনাথ ঠাকুর কালিম্পত্ত হইডে ১৩৪৭ সালে ১২ই জ্যৈষ্ঠ তারিখে, লিখিয়াছিলেন, "উদ্বোধন কার্যালয় হইডে প্রকাশিত শ্রীমদ্ভগবদ গীতা বিশেষ মূল্যবান গ্রন্থ। সংস্কৃত শাস্তের এক্লপ যত্নকত বিশুদ্ধ অম্বাদ আমি ইতিপুর্বের দেখি নাই।"

ধর্ম শিক্ষক ও প্রচারক রূপে কশিকাতায় এবং বাংশাদেশে এবং বাংশার বাহিরেও তিনি স্থপরিচিত। বাংলা সাহিত্য সাধনার তিনি যে স্মরণীর সিদ্ধিলাভ করিয়াছেন, তাহার সামাক্ত আভাস পাওয়া যার, ১৩২৯ সালের অগ্রহারণ সাসে 'মাসিক বস্থমতী'র 'সাহিত্য-সেবক-মঞ্গা' নীর্থক প্রবন্ধে।

খামী জগদীখবানন্দ প্রথমে ইংরাজীতেই গ্রন্থরনা আরম্ভ করেন। তিনি বৃহদারণ্যক উপনিষদের যে ইংরাজী অন্থবাদ করিয়াছেন, তাহা মাজ্রাজ রামক্রফ মঠের উপনিষদ সিরিজের অন্তর্ভূক্ত এবং অধুনা তৃতীয় সংস্করণে প্রকাশিত। তিনি শুন্তীনিভাীর একটি ইংরাজী অন্থবাদও করিয়াছেন। তৎপ্রণীত খামা রামক্রফানন্দের ইংরাজী জীবনী মাজ্রাজ রামক্রফ মঠ কর্তৃক The Story of a Dedicated Life নামে ১৯৪৪ খুটান্দে প্রকাশিত। উক্ত বর্ষে মাজ্রাজ রামক্রফ মঠের বরস অর্থশতক পূর্ব হওরার উক্ত মঠের প্রতিষ্ঠাতা খামী রামক্রফানন্দের উক্ত জীবণী স্থবর্ণ জয়ন্তী খারক প্রতকর্মণে রচিত। ১৯৪৪ খ্রাং বরন গিরিশ ঘোষের জয় শতবার্ষিকী অন্তর্ভিত হয় তথন তিনি গিরিশচন্ত্রের জীবনী ও নাটক সম্বন্ধে যে ইংরাজী পুন্তক লেখেন তাহা কলিকাতা ইইতে প্রকাশিত হইরাছে। ভারতের বাহিরে বিভিন্ন দেশে হিন্দুধর্ম ও সংস্কৃতির প্রভাব সম্বন্ধে গ্রন্থকার প্রবন্ধ প্রবন। সেইগুলি রাজকোট রামক্রফ আশ্রম

কর্তক Hinduism Outside India নামক পুন্তকরপে প্রকাশিত। ইংরাজীতে তাঁহার আরও কয়েকখানি অমূল্য পুত্তিকাও আছে। তিনি কলছো এসিয়াটিক সোসাইটি এবং প্রেগ ওরিয়েন্টাল ইনষ্টিটিউটের সভ্য নির্বাচিত হইরাছিলেন।

১৩১৯ সালে ১৫ই মাঘ (২৯শে জাতুয়ারী, ১৯৫২) মঞ্চলবার তিনি বেলুড় মঠ পরিত্যাগপূর্বক বেলুড়ে লালবাবা আশ্রমে আশ্রম গ্রহণ করিতে বাধ্য হন। উক্ত আশ্রমের তিনতশায় একটি গবাক্ষহীন টীন ছাদের ঘরে তিন বৎসর তিনি বাস করিয়াছেন। তথায় আহার ও আবাসের অসহ অমূবিধা সন্তেও তিন বংসবের মধ্যে তিনি 'স্বামী বিবেকানন্দ ও বর্তমান ভারত' দক্ষিণেশবে শ্ৰীরামকৃষ্ণ', 'ব্ৰন্ধচৰ্য্য,' 'বুদ্ধের কথা ও গল্প' ও ,উপনিষৎ' এই পাচ থানি বই मिथियार्डन थवर नाना शास्त ১१६ पिन धर्मश्रमक वा भाजवारधा कविवाहिन। উক্ত ৰধের অপ্রহায়ণ মাসে চন্দননগর প্রবর্তক সংখে যাইয়া তিনি ২৩শে मक्रनवात रहेरठ २७८म ಅक्रवात भर्यन्न ठाविन यथाक्ररम भीवावाने, मललाइ, বাসভব ও চণ্ডীতত্ব ব্যাখ্যা করেন। তথার তাঁহার কথকতা প্রবনার্থ প্রত্যন্থ প্রায় সহস্র শ্রোতার সমাগম হইত। প্রবর্তক সংঘের সাপ্তাহিক মুখপাত্র নবসংঘ ১৩৫> সালের १ই পৌষ উক্ত কথকতা সহস্কে লিথিয়াছিলেন, "স্বামিঞীর কথকতা অতি অপূর্ব হইরাছিল। তাঁহার ভাষা অতি সরল, কণ্ঠন্বর অতি স্থমিষ্ট। তাঁহার স্থমধুর ভজনগান ও মাতৃদগীত সহস্র সহস্র নর-নারীর চিত্ত মুগ্ধ করে। मकरमहे खिलन्य खपरत्र डाहार कथकला खेरण करवन।" कथकलात्र स्मर पिन প্রবর্তক সংবের সম্পাদক তাঁহাকে আন্তরিক প্রদানবেদন করিয়া বলেন, "यामिकी ७५२ त्य अक्कन कानी शूक्य, विचान वाकि छाशह नरून, छिनि একজন বথার্থ সাধক, স্থগারক এবং অসাধারণ ধীশক্তিসম্পন্ন প্রতিধর প্রজ্ঞাবান পুৰুষ।" এইরূপে তিনি কাটোরা জীরামকৃষ্ণ সেবার্র্রম, বালিগঞ্জ মিলন মেলা, বহুৰাজার শ্ৰীরামক্বঞ্চ বোধচক্র, শ্ৰীরামপুর সাহিত্য সমিতি, কলিকাতা বিবেকানন্দ त्मामारेष्ठि, नावित्कमणांचा श्वक्रमाम देनष्ठिष्ठिष्ठे, भागीवाभान वामक्रक मिकि.

ঘাটাল রামকৃষ্ণ সেবাপ্রম, বালি হরিসভা, লিল্রা প্রীরামকৃষ্ণ পাঠচক্র, ভদ্রকালী প্রীরামকৃষ্ণ সেবা সমিতি, কোলাঘাট রামকৃষ্ণ আশ্রম প্রভৃতি ৫০।৬০টি প্রতিষ্ঠানে বছবার ধর্মীর ভাষণ দিরাছেন। গ্রন্থকার কথাপ্রসক্ষে আমাদিগকে বছবার বলিরাছেন, 'ব্যুগাচার্য বিবেকানন্দের পাশ্চাত্য বিজ্ঞরের পরেই হিন্দুসন্মাসীর পরিব্রজ্যার ক্ষেত্র বৃহত্তর হইরাছে। ভারতীয় বৌদ্ধ শ্রমণবা সমগ্র প্রাচ্যে ঘৃরিরা বেড়াইভেন। এখন বেদান্তী সন্ন্যাসীরা পাশ্চাত্যেও পর্যটন এবং ধর্মপ্রচার করিবেন। কলম্বোতে অবস্থান কালে তিনি জাপান প্রবাসী বিজ্ঞোহী-বীর রাস বিহারী বস্তর সহিত প্রালাপ করিরা জাপানে যাইবার ব্যবস্থা করেন এবং বেঙ্গুনে থাকিবার সমর তিনি চীন ও লাপান প্রভৃতি বৌদ্ধ দেশে প্রমনার্থ পাশ-পোর্টও সংগ্রহ করেন। কিন্তু অনিবার্য কারণে তাহা বদ্ধ হইরা যার। তাহার ধর্ম-প্রচারের ফলে নানা স্থানে ধর্ম প্রতিষ্ঠান গড়িরা উঠিরাছে। সক্রেটিশ\* বলিতেন, আমি চলমান প্রতিষ্ঠান। গ্রন্থকারকে চলমান প্রতিষ্ঠান বলিলে অত্যক্তি হর না।

শীরামকৃষ্ণ এবং স্থামী বিবেকানন্দের শিশ্ববুন্দের জীবন-চরিতাবলী একতে তিনি ১০৫৬ সালের কার্ত্তিক মাসে বেল্ড্র মঠে অবস্থান ক'লেই 'নববুগের মহাপুরুষ' নামক পৃস্তকের ছই খণ্ডে সহস্র পৃষ্ঠার সর্ব প্রথম প্রকাশ করেন। যৌগিক ব্যায়াম সম্বন্ধে তাহার পৃস্তকও বাংলা ভাষার প্রথম। ১৯৪১ শীর্রাম্বে করাচী রামকৃষ্ণ মঠ ও মিশনের অধ্যক্ষরণে তিনি ব্রন্ধচর্য্য সম্বন্ধে যে প্রবন্ধ করাচীর 'ডেলি গেজেট' নামক ইংরাজী দৈনিকে এবং মাল্রাজের 'বেদাস্ত কেলরী' নামক ইংরাজী মাসিকে প্রকাশ করেন, তাহা বোঘাইরে থাকার অ্যাও কোম্পানী কর্তৃক পৃস্তকাকারে প্রকাশিত হয়। আলোচ্য পৃস্তকে প্রদর্শিত হইয়াছে যে, ব্রন্ধচর্য্য পালন বা বীর্ষ্য-ধারণই স্বাস্থ্য ও শক্তি লাভের মূল উৎস। প্রাচ্য ও পাশ্চাত্য মনীষীগণ ব্রন্ধচর্য্যর স্থন্নশিক্তি সম্বন্ধে যাহা বলিয়াছেন ভাহা বথাস্থানে উল্লেখ পূর্বক গ্রন্থকার ব্রন্ধচর্য্য পালনের আবশ্বকতা প্রদর্শন

<sup>•</sup> शीन (परभन्न महा मनीवी

করিরাছেন। বীর্যাধারণই পূর্ণ স্বাস্থ্য ও অন্তত শক্তি লাভের উৎকৃষ্ট উপায়— ইহাই উক্ত গ্রন্থের সারমর্ম।

এই গ্রন্থে বন্ধচর্যের আলোচনা বৈজ্ঞানিক প্রণাদীতে প্রদন্ত। শরীর-বিজ্ঞান ও মনন্তব্যের আলোকে ব্রন্ধচর্য্যের প্রয়োজনীয়তা প্রতিপাদন ভঙ্কণ মনের কাছে অবশ্রুই আদরণীয় হইবে। প্রাচীন গ্রীসের অবি সক্রেটিশের বাক্যোজার করিয়া গ্রন্থকার সরসভাবে দেখাইয়াছেন, বিবাহিত জীবনে ব্রন্ধচর্য্যের স্থান কত উচ্চে। মাটিন লুথার প্রভৃতি বাঁহারা ব্রন্ধচর্য্য-বিরোধী, প্রস্থকার তাহাদের বাক্য নির্ভয়ে উদ্ধার করিয়া আপটন সিন্দ্রেয়ার, আলভাশ হাক্সনী ও ভেভিড থোরো প্রভৃতি মনীবীদের অহাট্য যুক্তি হারা ধঙন করিয়াছেন। হিন্দুশাল্রে ব্রন্ধচর্য্য সহন্ধে যে সকল সারগর্ভ উক্তি আছে সেইগুলিও তিনি পাঠক-পাঠিকার সন্মুধে ধরিয়াছেন। বৈজ্ঞানিকতা ও শান্তীরতা সহায়ে ব্রন্ধচর্য্যের উপকারিতা প্রদর্শন গ্রন্থটির অসামান্ত বিশেষত্ব।

কোন চিন্তাশীল লেখক বিবেকানল সম্বন্ধে মন্তব্য করিয়াছেন যে, তিনি জীবনহীন মৃতের দেশে একটি অমৃত জীবন লইয়া আসিয়াছিলেন। মন্তব্যটি দিবালোকের ক্যার স্থপান্ত। উনচলিশ বৎসরের অল্প আয়ুকালে স্বামীজীর দেহন্দনে যে মহাস্বাস্থ্য ও মহাশক্তির প্রকাশ হইয়াছিল ভাহা নিশ্চয়ই অলৌকিক। এখন প্রশ্ন এই, সেই অলৌকিক স্বাস্থ্য ও শক্তির উৎস কোথায়? এই প্রশ্নের আধ্যাত্মিক সমাধান এখন আমাদের আলোচ্য বিষয় নহে। ইহার প্রস্কৃত্য মীমাংসা আমাদের বিষয়ীভূত। স্বামিজী নিজেই অলিয় শরৎচক্র চক্রবর্তীকে উক্ত প্রশ্নের যে উত্তর দিরাছেন তাহাতে ভিনি বলেন, কারমনোবাক্যে অথও ব্রন্ধচর্ষ পালন ইহার প্রধান কারণ। ব্রন্ধচারী বিবেকানলই বাঙালী ভক্লণের অম্পরণীয় আদর্শ।

ব্রহ্মচর্য্যই মহায়দের মৌল ভিভি। মহায়দের পূর্ণ প্রকাশ তথনই ঘটে, যথন ব্রহ্মচর্য্যের আদর্শ জীবনে গৃহীত, পালিত ও সংসিদ্ধ হয়। বৈদিক ব্রের হিন্দু সমাজ এই আদর্শকে সর্বোচ্চ আসন দিয়াছিল। বৈদিক মানবের গঠনমূলক জীবনাধ্যায় ব্রহ্মচর্যাশ্রম হইতেই আরম্ভ ইত। সমগ্র হিন্দু জাতির জীবনে ব্রহ্মচর্যাশ্রম ছিল অপরিহার্য অক। সেই যুগে প্রভ্যেক মামুষের জীবন-উষায় ব্রহ্মচর্যের বোধনমন্ত্র উচ্চাবিত হইত। চতুরাশ্রমে বিভক্ত হিন্দু জীবন ব্রহ্মচর্যা-ভিত্তিতে প্রতিষ্ঠিত। ইহাই বেদ-মার্গ ইহাই আর্য্য পথ।

নৈতিকতা ধর্মজীবনেব ও সভ্য সমাজের প্রথম সোপান এবং উহা ব্লচর্য ব্যতীত অসম্ভব। এই সভ্য অনাদৃত হওয়ায় বিশ্বব্যাপী অনৈতিক পরিস্থিতি প্রাহ্ছত্ত এবং অধিকাংশ মানব জীবন প্রায় প্রুদ্ধের ভবে অবনত হইয়াছে। ধর্মকের ভারতভ্মিও এই সর্বনাশক প্রভাব হইতে রক্ষা পায় নাই। ভারতবর্ষে নৈতিক জীবন-মান সম্মত ছিল বলিয়াই এক সময় ব্যাস, বাল্মীকি, বৃদ্ধ, শংকর, পতঞ্জাল, চৈত্র, সায়ন, বাচম্পতি প্রভৃতি ঋষি-মুনি ও ধর্মগুরুগণ আবিভূতে হইয়াছিলেন এবং বর্তমান মৃগেও প্রীয়ামক্রফ, প্রীমরবিন্দ, স্বামী বিবেকানন্দ, রমণ মহর্ষি, স্বামী বামতীর্থ, পওহারী বাবা, নাগ মহাশয় ও মহাত্মাগান্ধী প্রভৃতি মহাপুরুষদের আবির্ভাব সম্ভব হইয়াছে।

বৈদিক ও বৌদ্ধ যুগে নীতিধর্ম যেরপ সকল শিক্ষালয়ে ও ধর্মপ্রতিষ্ঠানে আচরিত হইত, সেইরপ যদি বর্তমান ভারতের গৃহে গৃহে ব্রহ্মহার্য ব্রত উদ্যাপিত হয়, প্রতি শিক্ষালয়ে ছাত্রছাত্রীরা ব্রহ্মহর্য মন্ত্রে দীক্ষিত হয় তবেই আমাদের সমাজ ও রাষ্ট্র ভবিস্থতে অতীত অপেক্ষা অধিকতর গৌরব ও উন্নতি লাভে সমর্থ হইবে।

বীর্যধারণই ব্রহ্মচর্য। আমরা যে থান্ত আহাব করি তাহা হইতে রস, রস হইতে রক্ত, রক্ত হইতে মাংস, মাংস হইতে মেদ, মেদ হইতে অস্থি, অস্থি হইতে মজ্জা, মজ্জা হইতে শুক্র বা বীর্য উৎপন্ন হয়। স্প্রতরাং বীর্যই শরীরের নিষ্কর্য বা সারতম ধাতৃ। এই বীর্যের ক্ষর হইলে শরীর ব্যাধি-মন্দিরে পরিণত হয়। কারমনোবাক্যে শুক্র ধাতৃর সংরক্ষণই প্রক্রত ব্রহ্মচর্য্য পালন। প্রমন্ত ইন্দ্রির নিচর মনকে ভোগ্য বস্তুতে আসক্ত করিয়া পরিশেষে মাম্ব্রকে ক্লীব ও পুরুষার্থের ক্রেমাগ্য করে। বীর্ষহানতা বা ভ্রন্ধচর্যই আমাদের জাতীয় ভূগতির প্রক্রত কারণ। সে জক্ত ব্রন্ধচারীর লক্ষ্য ইন্দ্রিয়জয়, বীর্ব্যধারণ। উহাই উত্তম স্বাস্থ্য ও অনস্ত শক্তির উৎস। প্রকৃত ব্রন্ধচর্ব্য কারিক ও মানসিক তুইই। ইহা বিধিমূলক (positive), কিন্তু নিবেধমূলক (negative) নয়। নিস্পাপ শিশুর ক্লায় পবিত্র জীবন যাপন হারা ইহা স্বভাবসিদ্ধ করা যায়। আমাদের বর্তমান হনীভূত তুর্বোগে ও নির্বার্থ জাতীয় জীবনে ব্রন্ধচর্ব্যই সেই আলো, যাহা ব্রতীর জীবনকে উদ্ভোসিত ও মহিমাময় করিবে।

নৈতিক ও সাংস্কৃতিক পুনরুথানকরে প্রদের স্বামিন্তী ঝরেদ, সামবেদ, যজুর্বেদ, দেবীমাহাত্মা, শ্রীমন্তগবদ্গীতা, তত্তাহুসন্ধান, স্বারাজ্যসিদ্ধি প্রভৃতি বহু গ্রন্থ কান ও প্রকাশ করিয়াছেন।

হিন্দু শাস্ত্রে মানবদেহ দেবমন্দির রূপে কঠাত। অতএব এই মন্দিরের পবিত্রতা রক্ষা অবশুই কর্ত্তব্য। একমাত্র ব্রহ্মচর্য্য সাধন দারাই উহা সম্ভব। অরণ, কীর্ত্তন প্রভৃত্তি অষ্টাঙ্গ মৈথুন বর্জনই ব্রহ্মচর্য্য। এই পুস্তকে স্বামিজী তাহাই স্থলবভাবে ব্যাখ্যা করিরাছেন। দেশের পাঠক-পাঠিকাগণকে আমর। এই গ্রন্থানি পড়িরা দেখিতে অহ্বোধ করি। অলমিতি।

## বৃদ্ধতি প্ৰশন্তি

বীর্যধারণে শ্বৃতি ও শ্বৃতিশক্তি বছগুণে বাড়ে। কাম রিপুর উপর পূর্ণ প্রভুদ্ধ বিন্তারে চেষ্টিত হও। বার বৎসর বীর্যধারণে সমর্থ হইলে মেধা নাড়ী জ্বন্ম। কাম শক্তি বতই ওঙ্গঃ শক্তিতে পরিণত হয় ততই মেধানাডী পুর হয়। মেধানাড়ীর সাহায্যে ভগবান লাভ হয়।

—শ্রীরামক্রফ

ব্যাত্র প্রতিষ্ঠিত হইলে বীর্যালাভ হয়। .দহ ও মনের অমিত শক্তিই বীর্ষ্য। — ঋষি প্রঞ্জিল

যাহারা বিখাদ করে, স্থুখ দেহজাত এবং যাহা ইন্দ্রির-স্থু বাধিত করে তাহাই ছঃখ, কিরূপে তাহারা কামে অভিত হয় ও ছঃখ ভোগে ?

- कदाशी मनीवी भगवान

ফরাসী মনীবী মিচিলেট বলেন, 'বদি শক্তি চাও তবে শুদ্ধ থাক। বারা জয়বৃদ্ধি তারাই ব্রহ্মহর্যাকে উপহাস করে। — মঁ সিন্ন জান্তিন গডার্ড

य नक्न प्रन हे खिन्न-त्रश्य नाथरन व्यक्तन वाहारन्त व्यक्ति नमुद्धन ।

— টমাস ম্যান

সম্যক বীর্ষধারণ বৃদ্ধবলাভের স্থকোশল।

—ভগৰান্ বৃদ্ধ

সকল প্রকার আধ্যাত্মিক উন্নতির অস্তরার অসংযম ও অবন্দচর্য্য।

-श्रामी निवानन, व्यक्त मर्ठ

সর্বদা সর্বত্র কারে, মনে ও বাক্যে বিশুদ্ধ থাকাই ব্রন্ধচর্য। শুদ্ধ মনে অস্কুত উন্তম ও অদীম ইচ্ছাশক্তি করে। বীর্যধারণ হারা যে অলৌকিক শক্তিলাভ হর তৎসাহায্যে মানব মনের উপর, এমন কি, পশু প্রভৃতির উপর প্রভৃত্ব করা হার। অগতের ধর্ম গুরুগণ সম্যুক্ত ব্রন্ধারী ছিলেন বলিরা এত শক্তিশালী হইরাছিলেন

যিনি বাদশ বংসর অথও ব্রহ্মচর্য পালন করিবেন তিনি নিশ্চরই বহু অলৌকিক
শক্তির অধিকারী ইইবেন। যদি মহৎ ইইতে চাও তবে বীর্যধারণে যতুশীল হও।
ধর্মগুরুর পক্ষে অথও ব্রহ্মচর্য অত্যাবশুক। বৈদিক প্রক্রার ভিত্তি ব্রহ্মচর্যা।
ব্রহ্মচারীর জীবন সুস্বচ্ছ স্ফটিকবৎ পবিত্র। কেবলমাত্র বীর্যধারণ হারা সকল
বিস্থা অল্ল সমল্লে আযত্ত করা যাল্ল এবং একবার যাহা শোনা বা জ্ঞানা যাল্ল,
তাহা চিরকাল মনে থাকে। ব্রহ্মচর্যের অভাবে আমাদের বুগে প্রত্যেক
সাধনাই ধ্বংসমূপে পতিত ইইরাছে। অথও ব্রহ্মচর্য পালন হাবা অসাধারণ
আধ্যাত্মিক ও মানসিক শক্তি লাভ হয়। আজীবন কৌমার্যও অন্ততম
ধর্ষসম্পদ্।

স্বেচ্ছাকৃত বীর্যধারণের ব্রতই দাম্পত্য জীবনে ব্রহ্মচর্য রক্ষার উত্তম সহার।
—ফোরেস্টার

বীর্ষধারণে সমর্থ হইলে অণিমাদি শক্তি লাভ হর এবং সেই সকল শক্তি শিয়ের মধ্যে সঞ্চারিত করা যার। —ব্যাসদেব

ব্ৰহ্মচৰ্ষ ব্যতীত উচ্চাদৰ্শ দৃঢভাবে অহুসরণ করাও অসম্ভব। শরীর মন্তিক্ষ ও মনের স্বাস্থ্য ও শক্তি বর্ধনে ব্ৰহ্মচর্য অত্যাবশ্রক। যাহারা কঠোর ব্রহ্মচর্য্য পালন করেন তাহাদের স্ক্র স্থতি ও অসামান্ত বোধশক্তি লাভ হয়। ব্রহ্মচর্য পালনের ফলে বে স্ক্র নাড়ী জন্ম তাহার হারাই এই সকল বিভৃতি লাভ হয়। আমাদের আচার্যগণ ব্রহ্মচর্য পালনে এত জোর দিরাছেন কেন জান? ইহার কাবণ এই যে, তাহারা জানিতেন, যদি কেহ ইহা পালন করিতে অক্ষম হয় ভাহার জীবন উৎসন্ন যার। কঠোর ব্রহ্মচারী কথনো জীবনী শক্তি হারার না। সে একজন পালোরান না হইতে পারে; কিন্ত তাহার মন্তিক্ষ এত পরিপ্ট হয় বে, ইহা অতীন্দ্রিয় বিষয় অবরোধের অন্তুত সামর্থ্য লাভ করে। ব্রহ্মচারীর কর্তব্য করেকটি নির্ম পালন। উন্তেজক থান্ত, অতিনিদ্রা, অভিশ্রম, আলস্ত, কুসল্ব এবং অসৎ আলাপ ব্রহ্মচারী পরিহার করিবে। বীর্ষ্যারণে দেহ ও মন সবল থাকে। বীর্ষ্যারণ ব্যতীত মন কথনো ধ্যান-ধারনার শক্তি লাভ

করিতে পারে না। আমাদের শাস্ত্রকারগণ বলেন, বার বংসর বীর্যধারণ করিলে ক্ষরদর্শন সহজ্ঞলভ্য হয়।

—স্থামী ব্রহ্মানন্দ, বেলুড় মঠ

প্রীতি সম্বন্ধে সক্রেটিশের উপদেশ ছিল এই যে, স্থান্দন নরনারীর সহিত ঘনিষ্ঠতা কঠোরভাবে বর্জন করিবে। কারণ তিনি মস্তব্য প্রকাশ করিয়াছিলেন, উলিখিত ব্যক্তিদের সহিত ঘনিষ্ঠ সম্পর্ক রাখিলে বীর্যধারণ সম্ভব হয় না। তিনি বলিতেন, 'সম্ভবতঃ কামদেবকে এইজন্ত পূম্পধন্বা বলা হয় যে, স্থান্দর ব্যক্তিরাই দ্র হইতে অপরকে আহত বা আরুষ্ঠ করে।' বস্তুতঃ এই সকল বিষয়ে তিনি এত স্থান্থত ছিলেন যে, অন্ত লোকে যেমন অনায়াসে কুৎ সিত ও বিশ্রী ব্যক্তি হইতে সহজে পৃথক্ করিতে পারে তেমনি তিনি স্বাদেক্ষা স্থানী ব্যক্তি ও স্থান্দর বস্তু হইতে নিজেকে স্থান্রে রাখিতেন।

—গ্রীক দার্শনিক জেনোফোন

নিক্ষলন্ধ পবিত্রতাই উৎকৃষ্ট তপস্থা। ব্রহ্মচারী এত নিক্ষপুষ বিশুদ্ধিত সম্পন্ন হন্ন তাহাকে মাকুষ না বলিয়া দেবতা বলাই উচিত। যিনি ধৃতরেতা এই জগতে তাঁহার অপ্রাণ্য কিছুই নাই। বীর্যস্তন্তন দারা প্রত্যেক ব্যক্তিই ঠিক আমার মত হইতে পারে।

—শক্ষরাচার্য

কাম রিপুর দারা জাবন, শাস্তি, শক্তি, আরু, শ্বতি, সম্পদ্, স্থনাম, সত্যনিষ্ঠা ও ভাবসংশুদ্ধি সমূলে বিনষ্ঠ হয়। যে মৃত্যু পর্যন্ত কাম ও ক্রোধ হইতে উন্তুত বেগ সন্থ করিতে পারে সে-ই যোগী, সেই স্থা। — ভারিক

আহারে সতর্কতা অবলম্বন করিলে ত্রিবর্গ লাভ হয়। কিছু কামবেগ ধারণ করিলে চতুব্র্গ লাভ হয়। যদিও প্রথমে কামপ্রবৃত্তি তরকাকারে থাকে ভাহারা কুসক্ষের প্রভাবে সমুজাকার ধারণ করে।

—নারদ মুনি

শুক্রকরে আর্কর হর। কিন্তু বীর্যধারণে আরুর্দ্ধি হর। স্থতরাং বীর্থ-ধারণের জন্ম সকলের সাধ্যমত যন্ত্রশীল হওরা উচিত। —শিবসংহিতা

জ্ঞানী বিবাহিত জীবন পরিহার করিবেন। কারণ ইহা উাহার পক্ষে জ্ঞান্ত জ্ঞানিকুওতুল্য। সংস্পর্ন ইতে জ্ঞাসজ্জি এবং জ্ঞাসজ্জি হইতে আকান্ধা জন্ম। স্মৃতরাং ইন্দ্রির-বিবরের সংস্পর্ন ত্যাগ করিদেই পতন হইতে রক্ষা পাওরা বার।

মন্তিক বিশেষতঃ শ্বতিশক্তির দৌর্বল্য চরিত্রহীনতা ও ব্রহ্মচর্যহানতার নিশ্চিত লক্ষণ।
—ডাঃ লুইস

ভীম যুখিষ্টিরকে বলিতেছেন, 'হে রাজন্ ইহা নিশ্চিত জানিবেন যে, যিনি জম হইতে মৃত্যু পর্যস্ত কঠোর ব্রহ্মচারী, ইহজগতে এমন কিছু নাই যাহা তাঁহার অপ্রাণ্য। একজন চতুর্বেদে পণ্ডিত এবং আর একজন কঠোর ব্রহ্মচারী। এই উভয়ের মধ্যে ব্রহ্মহাইন শ্রেণিবিয় অপেক্ষা নির্ক্ষর ব্রহ্মচারী শ্রেষ্ঠতর।''

---মহাভারত

যুবক-ব্বতীগণ বীর্য ধারণ করিতে প্রাণপণ চেটা করিবে। নচেৎ যৌগিকা ব্যায়াম অভ্যাদের ফলে যে শক্তি সঞ্চিত হইবে শুক্রপাতে তালা নট হইর যাইবে। বীর্য ধারণ ব্যতীত স্বাস্থ্যোন্নতি বা শবীর গঠন অসম্ভব। যতই ব্যায়াম কর বা ঘতই ভাল থাও না কেন, বীর্যধারণ না করিলে স্বাস্থ্য ও শক্তিসাভের আশা নাই। যৌগিক ব্যায়াম, পরিমিত আহার ও বীর্যধারণ— এই তিন উপায় অবস্থন করিলে পূর্ব স্বাস্থ্য ও দীর্ঘ জীবন লাভ স্থনিশ্চিত।
—সচিত্র যৌগিক ব্যায়াম



পরিব্রাজক শ্রীমৎ স্বামী জগদীশ্বরানন্দ

# उकाठर्ग

# ভারতই বন্ধচর্য্যের লীলাভূমি

পুরাকালে পৃথিবীর মধ্যে একমাত্র মহাদেশ ভারতবর্ষই ব্রশ্বচর্ব-আশ্রমের অফ্লীলনে ব্যাপকভাবে ব্রতী হইরাছিল। এই স্থমহান্ আদর্শের অফ্লোদর কতিপর বৈদিক ঋষির জীবনের মধ্য দিয়া জগতে সত্যালোক বিচ্ছুরণ করিয়াছিল। আমারা প্রশ্ন উপনিষদে এই ঘটনাটী পাই। একদা স্থকেশ, ভারছাজ প্রমুখ ছয়জন ঋষি ভগবান্ পিপ্লাদের নিকট পরাবিতা। লাভার্ব গমন করেন। পিপ্লাদে তাঁহাদিগকে আরও এক বংসর ব্রহ্মচর্য পালনে উপদেশ দেন। তিনি প্রতিশ্রুতি দেন বে, উক্ত কাল অতীত হইলে তাঁহারা তৎকর্তৃক ব্রন্ধবিতায় দীক্ষিত হইবেন। আবার ছান্দোগ্য উপনিষদে বে ইক্র-বিরোচন সংবাদ বির্তৃ, তাহাতে আছে, ব্রদ্ধা ইক্রকে একশত এক বংসর কাল ব্রহ্মচর্য পালনান্তে ব্রহ্মজ্ঞান উপদেশ দেন। কৌষীতকী উপনিষদে ব্রহ্মচর্য্য-দীক্ষার কথা উল্লিখিত আছে। প্রাচীন ভারতে অক্লাক্ত অনেক বিতাত বটেই, এমন কি সর্বোচ্চ ব্রন্ধবিতা লাভের মূল সর্তই ছিল, ব্রন্ধচর্য্য ব্রতের সার্থক উদ্যাপন।

ভারত হইতে এই ব্রহ্মচর্বাদর্শ মিশরে নব্য প্লেটোবাদী এবং গ্রীসে পিশাগোরাস-পন্থী এবং পরবর্তীকালে ইউরোপের অস্তান্ত দেশে অর-বিশুর প্রসারিত হর। আবার ভারত ইইতেই উক্ত আদর্শ বৌদ্ধ ধর্মের মাধ্যমে এশিরার বহু দেশে প্রসার লাভ করে। পারস্থানিগণ এই মহান্ আদর্শ ভারতের নিকট শিক্ষা করিরাছেন। বৌদ্ধ প্রচারকগণ ব্রহ্মচর্মের বাণী ভারত হইতে বহু দ্র দেশে বহুন করেন। এসেনিগণ বৌদ্ধগণের নিকট হইতে উহা প্রাপ্ত হুন এবং খ্রীষ্টানগণ অংশতঃ উহা নব্য প্লেটোবাদীদের নিকট এবং অংশতঃ এসেনিদের নিকট শিক্ষা করেন।

কিছ ভারতের মন্ত অন্ধ কোন দেশই ব্রহ্মচর্যের প্রয়োজনীয়তার এত শুকুত্ব আরোপ করে নাই। হিন্দুদের নিকট ব্রহ্মচর্যই জীবনের দৃঢ়তম ভিত্তি। ভিগনী নিবেদিতা সত্যই মন্তব্য করিয়াছেন যে সর্বদেশে ছাত্রজীবনের যে সকল আদর্শ উদ্ভাবিত হইরাছে ভন্মধ্যে ব্রহ্মচর্বই উচ্চত্তম ও মহন্তম। যোগশাস্ত্র অন্ধসারে পূর্ণ স্বাস্থ্য ও দীর্ঘ জীবন লাভের উৎকৃষ্ঠ উপায় ব্রহ্মচর্ষ। আয়ুর্বেদমতে 'ধর্মার্থকামমোক্ষানাম্ আরোগ্যমূলমূভ্যম্য' অর্থাৎ রোগ-রাহিত্য বা উত্তম স্বাস্থ্যই ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ,—এই চতুবর্গের মূল। কিছ বীর্যধারণই স্বস্থতার মূলীভূত কারণ। সর্ব ধর্মের শাস্ত্রসমূহে উহার স্ক্রনীশক্তি প্রশংশিত এবং উহা ধর্মজীবনের মূল ভিত্তিরূপে কবিত। দৃষ্টাস্কস্বরূপ আমরা ধর্মপ্রাণা বিধবা ও ধর্ম্মপিপাস্থ পুরুষদের আলোচনা করিতে পারি। তাহারা স্বেচ্ছা প্রণোদিত ব্রহ্মচর্য ও ত্যাগের ব্রতে দীক্ষিত হন বলিয়া সাধারণতঃ প্রত্ন বর্মেত যৌবনস্থলত স্বাস্থ্য ও শক্তি রক্ষা করেন এবং অসাধারণ ভাবে দীর্ঘকাল জীবিত থাকেন।

# প্রতিভা-জগতে ব্রন্মচর্ষ্যের মূল্য

कवाजी मनीवी दार्मा दार्जा वर्णन, "त जरून महाख्यांनी वरः অধিকাংশ আদর্শবাদিগণ দৈবী স্ঞ্জনী শক্তিসম্পন্ন ছিলেন স্ত্রম্পষ্টভাবে অম্বরতম প্রদেশে অমুভব করিয়াছেন যে, যৌন শক্তির দৈহিক ও মানসিক অপব্যয় বন্ধ করিলে প্রচুর সজনীশক্তি ও স্ক্রীকৃত উভাম স্ট হয়।" এমন कि: धर्म विषय गैशिया श्राधीन हिला करतन महे मकन ভागवामीबा छ, যথা বিঠোভেন, বালজাকৃ এবং ফুবাট—ইহা অন্থভব করিয়াছেন। একদিন থৌন ভোগেচ্চা দমনান্তে বিঠোভেন চীৎকার করিয়া বলিয়া উঠিলেন, উচ্চতর উদ্দেশ্যে অর্থাৎ ঈশ্বর এবং সম্ভানক্ষম শিল্লের জন্ম আমি আত্মশক্ষি রক্ষা করিব। ইতাশীর অমর চিত্রকর মাইকেল এঞ্জেলোর নিকট যথন বিবাহের প্রস্তাব করা হয় তথন তিনি বলিয়াছিলেন, চিত্রবিছা এমন এক ঈর্বান্বিতা গৃহক্তী. বে কোন প্রতিঘলীকে থাকিতে দের না। প্রসিদ্ধ বাদালী রাসায়নিক প্রফুল্লচন্দ্র রায়কে জিজ্ঞাসা করা হইরাছিল, "আপনি বিবাহ করেন নাই কেন?" ভত্তত্তে তিনি সহাক্ষে বলিয়াছিলেন, "আমি ইতোমধ্যে বিবাহ করিয়াছি, তবে বসায়ন বিভারপ রাণীকে।" যখন বাংলার অমর দেশভক্ত নেতাজী স্বভাষচত্র তাঁহার বিবাহের বিষয় বিবেচনা করিতে অফুরুছ হন তথন ডিনি সরলভাবে স্বীকার করিয়াছিলেন, "ম্বদেশের স্বাধীনতা সংগ্রামে আমি স্বাস্তঃকরণে এত ব্যাপৃত যে, নিজ বিবাহের কথা ভাবিবার সময় शाहे ना।"

দার্শনিক প্রেটো প্রীসদেশীর মলবোদ্ধাদের ব্রদ্ধর্য সম্বন্ধে উচ্চ প্রশংসা করেন। 'আত্মসংখন বনান আত্ম-প্রশ্রম' নামক গ্রন্থে মহাত্মা গান্ধী বলেন, 'বীর্যধারণের প্রভাবেই আমি অমিত মনঃশক্তি ও দৈহিক সামর্থ্যের অধিকারী হইরাছি।" মহাত্মাজী তাঁহার সাধুস্কভ সারলা সহকারে স্বীকার করেন, "বদি বিশ বংসর যৌন ভোগের পর আমি এই অবস্থায় উপনীত হইতে সমর্থ হই তাহা হইলে আমি আরও কত উরত হইতে পারিভাম, যদি আমি উক্ত বিশ বংসর নিজেকে সংগুদ্ধ ও সংযত রাখিতাম। আমার পূর্ণ বিশাস এই বে, যদি আমি সমগ্র জীবনে শুরু অথও ব্রহ্মচর্য পালনে সমর্থ হইতাম তাহা হইলে আমার উভ্তম ও উৎসাহ সহস্র গুণে বধিত হইত। যদি আমার মত অপূর্ণ ব্রহ্মচারী এত উপকার লাভ করিতে পারে তাহা হইলে অথপ্তিত ব্রহ্মচর্য পালনের ভারা আমরা কত অধিক, দৈহিক, মানসিক ও নৈতিক শক্তিলাভে সমর্থ হইতাম।" গান্ধীজী আরও বলেন যে, রাষ্ট্রনীতি তাহার জীবনের অকিঞ্চিৎকর বহির্ভাগ মাত্র এবং ব্রহ্মচর্যই তাহার জীবনের স্থায়ী ও মূল ভিত্তি। ভগবান বৃদ্ধ তাহার গৃহী শিক্ষদিগকে উপদেশ দিয়াছিলেন যে, জরা-ব্যাধি প্রভৃতি অতিক্রম করিবার একমাত্র কৌশল ব্রহ্মচর্য।

ল্যাধিকাস বলেন, "দেবতারা সেই সকল প্রার্থনাকারীর প্রার্থনার কর্ণপাত করেন না, যাহারা যৌন ভোগের ধারা অশুদ্ধ হইরাছে। ইসলাম ধর্মেও মকা যাত্রা কালে যৌন ভোগে নিষিদ্ধ। ইছদী তীর্থযাত্রিগণ যথন সিনাই পর্বতে উপস্থিত হন ও সেই মন্দিরে প্রবেশ করেন তথন তাঁহাদিগকেও ব্রহ্মার্য পালন করিতে হয়। দীক্ষাগ্রহণাদি কালেও প্রীষ্ঠান ধর্মে বীর্যধারণ প্রস্তাতরূপে শাত্রবিহিত। প্রীষ্ঠান আচার্যগণ ও সাধকরন্দ ব্রহ্মার্যরের পালন ও প্রশংসা করেন। রোমান ক্যাথলিক প্রীষ্ঠান ধর্মে গীর্জাত্ম ধর্মযাজকগণ সর্বনা ব্রহ্মারী ছিলেন এবং সন্ধ্যাসীদিগের মধ্য হইতে মনোনীত হইতেন। বস্ততঃ স্থানে ও অগতের প্রতি ব্রহ্মারী সাধকগণ ও মনীরীগণ যে প্রভৃত উপকার করিয়াছেন তক্রপ অক্ত কেহ করেন নাই। দৃষ্টাস্তম্বরূপ সেন্ট পল, ইনাম্বরেল কাণ্ট এবং আইজ্যাক নিউটনের নাম করা যাইতে পারে। বাইবেলে বীশ্ত প্রীষ্ট বলিতেছেন, মর্ত্যধানে স্বর্গরাজ্য প্রতিষ্ঠার উদ্দেশ্রেই খোজারা অবিবাহিত জীবন ও ব্রহ্মার্য পালন করেন।

## ব্রন্দর্য্য-বিরোধী অভিমত

একদল বৈজ্ঞানিক আছেন ভারতে ও অন্ত দেশে বাঁহাদের মতাছবর্তী নবনারীর সংখ্যা নাই। তাঁহাদের মতে অথও ব্রন্ধার্য্য একটা বিপক্ষনক অভ্যাস। তাঁহারা ব্রন্ধার্য্যর বিরোধী ও নিন্দাকরী। তাঁহারা বৃক্তিদেন, যৌন গ্রন্থিয়ন্থ হইতে দেহাভান্তরে বে রস নিঃস্ত হয় তাহা প্রচুর পরিমানে সঞ্জাত হইলে দেহের উপর বিষ-ক্রিষা সৃষ্টি করিতে পারে। তাঁহাদের ধারণা, বৈজ্ঞানিক কইসেলের পরীক্ষা দ্বারা ইহা নিঃসন্দেহে প্রমাণিত। কইসেল নাকি যৌন গ্রন্থি হইতে নিঃস্ত রস অন্ত প্রাণীর দেহে প্রবিষ্ট করাইয়া উক্তর্মণ বিষ-ক্রিয়া লক্ষ্য করিয়াছেন।

ব্রহ্মচর্য্যের বিরুদ্ধে তৎপ্রদন্ত বিতীয় যুক্তি এই যে, অগুকোষ হইতে নিঃস্ত উক্ত কৈব রস অধিক পরিমাণে জমিলে উগা গ্রান্থিগুলির অনিষ্ঠ সাধন কবিতে পারে; এমন কি, ইহার ফলে সেইগুলি ক্ষরপ্রাপ্ত হইবার সম্ভাবনা। রিগ্যাণ্ড ও মিন্নাজিনির পরীক্ষা দ্বারা এই যুক্তি সমর্থিত হয়। এই বৈজ্ঞানিকদ্বর আমেরিকার শ্কর জাতীয় জন্ত বিশেষ এবং অক্তান্ত স্ত্রী পশুর উপর পরীক্ষা করিয়া দেখিয়াছেন যে, বাধ্যকর বীর্য্যধারণের ফলে উল্লিখিত পশুদের দেহে বিষমর প্রতিক্রিয়া এবং অপকারী পরিবর্তন লক্ষিত হয়। উক্ত ফল হইতেই তাহারা এই অন্থমান করেন। এতঘ্যতীত কিন্ত এবং লোর্যাণ্ড কয়েকটি ঘটনায় লক্ষ্য করিরাছিলেন যে, অনিচ্ছাক্বত বীর্য্যধারণের ফলে প্রুষ্থ পূক্ষত্তীন হয় ও নারীর মাসিক ঋতু অকালে বন্ধ হয়। অবশেষে তাহারা মস্তব্য করেন যে, ব্রহ্মচর্য্য স্বায়ু-মণ্ডলীরও অনিষ্টকর এবং মৃচ্ছারোগ ও স্বায়ুরোগাদি উৎপাদক। তাহাদের মতে অধিকাংশ স্বায়ুরোগ স্বিবাহিত

বৃদ্ধ-বৃদ্ধাদের জীবনে উৎপন্ন হয় এবং আনেক সমর তাহাদের মেজাজ থিটুথিটে হয়।

মৃতে, ফ্রান্থলিন প্রভৃতি প্রসিদ্ধ বিশেষজ্ঞগণ উক্ত প্রকার অভিমন্ত পোষণ করেন এবং বলেন, "জননেজিরের অব্যবহার হারা যৌন এত্যোক্তিন গ্রন্থিসমূহ নিজির হইরা যার, স্বান্থ্য নষ্ট হর।" সেইজক্ত ফাউলার, বাটিলন প্রমুথ ব্যক্তিগণ পরামর্শ দেন যে, সামন্থিক বাবধানে নিয়মিত যৌন সন্তোগ স্বাস্থ্যোরতির পক্ষে প্রয়েজন। বিখ্যাত মনোবৈজ্ঞানিক জে. এ. হ্যাডফিল্ড তাহার "মনোবিজ্ঞান ও নীতি" নামক ইংরাজী গ্রন্থে বলেন যে, 'যৌন স্থখ পাশবিক' এই ভ্রান্থ ধারণা অহসারে জননেজির অব্যবহৃত রাখিলে নর-নারীর বিট্বিটে মেজাজ্ব ও প্রীতিহীন স্বভাব হর। 'প্রেম ও মৃত্যুর নাটক' নামক ইংরাজী গ্রন্থে এডোরার্ড কার্পেন্টার অভিমত প্রকাশ করেন যে, যৌন জীবনের প্রতি সমৃচ্চ অবক্তা রাখিরা, কেবল মাত্র আধ্যাত্মিক আদর্শে হলম্বের প্রীতি নিবদ্ধ করার চেষ্টা সমান ভাবেই অসম্ভব। যেমন রঙ ব্যতীত চিত্রাঙ্কন কর্মনাতীত তত্ত্বপ ইহাও ব্যর্থভারই নামান্তর। যথাস্থানে এই বিকন্ধ মতাবলীর যথায়েও সমালোচনা দেওরা হইবে।

# কোমার্য্য সম্পর্কে আপ্টন সিন্ ক্লেয়ার, আল্ডাশ হাক্সলি ও ডেভিড থোরো

প্রসিদ্ধ মার্কিণ লেখক আপ টুন সিনক্লেয়ার অভ্যস্ত ভ্রাস্ত ভাবে কৌমার্য্যের এই সংজ্ঞা দিয়াছেন যে, ইহাতে স্থায়ী ও নিয়মিত ভাবে প্রীতি দমিত ও সীমিত হয়। উক্ত মিধ্যা ধারণার বশে তিনি মনে করেন, চির কৌমার্য্য বিক্বত জীবন, প্রাক্বতিক নিয়মের লজ্বনমাত্র মন্তিষ্ক ও নৈতিক রোগ বিশেষ, অবজ্ঞের প্রাচীন আদর্শ, প্রেমের সংকীর্ণ দৃষ্টিভঙ্গী এবং সামাজিক স্বাস্থ্যের পক্ষে বিপদ স্বৰূপ। অবশ্য তিনি কৌমাৰ্য্য ও বিশুদ্ধির মধ্যে ভেদস্চক রেখা টানিয়াছেন। তিনি বন্ধচর্যের ও বিশুদ্ধির যে সংজ্ঞা দিয়াছেন তাহাতে আমরা কিঞ্চিৎ আশ্বন্ত হই। কারণ তাঁহার মতে স্থায়ী ও নিয়মিত কামদমনই ব্লক্ষ্ট্র। কিছ বিশুদ্ধ ব্ৰহ্মচৰ্যে প্ৰেম অখীকৃত নহে। সেইজন্ত তিনি মনে করেন, বিশুদ্ধিই যৌবনের অক্সতম মৌশিক ধর্ম এবং প্রাক্ত ও স্থায়ী প্রেম সাধনের একটি অপরিহার্য্য অঙ্গ। যদি ইহাই বিশুদ্ধির লক্ষ্মণ হয় তাহা হইলে সামাদের মতে কৌমার্য বা ব্রহ্মচর্য বিগুদ্ধি সাধন ব্যতীত অক্ত কিছু নহে। कारण कीवरन कारमब मूरमारम्हम अवः विश्व अम अधिशे विश्व विष्य विश्व व অপরপক্ষে বন্ধচারী ব্যক্তিগণ প্রকৃত প্রেম প্রকাশে সমর্থ এবং তাঁহাদের প্রেম কোন রিশিষ্ট ব্যক্তিতে আবদ্ধ নয়, সকলের উপর সমভাবে বৰ্ষিত। মৃচ ব্যক্তিগণ ভাবেন যে নঃনায়ীয় প্ৰেম দৈহিক প্ৰকাশ ব্যতীত পূর্ণাক হর না। বর্তমান মুগে পরমহংস জীরামক্বফের জীবন ব্রহ্মচর্যক্রপ স্থাচীন সভ্যের পূর্বান্ত দৃষ্টান্ত। আৰহমান কাল হইতে ভারতে এই মহাসভ্য বুগে বুগে व्यम्भिष्ठ ७ व्यमित्र रहेबाहि स, दिस्क धनिष्ठात कान विस्तृतना वा লিকভেদের উপর প্রেম নির্ভরণীল নহে।

र्योन कीवन मश्रक्त व्यानक व्याधुनिक त्नथक প्रजनन क्रिया श्रेरा श्रीम জীবনকে পৃথক করিব। রাখিতে আগ্রহাধিত। যদিও প্রকৃতিতে উভয় বস্তুর সমাবেশ একতা দৃষ্ট হয় তথাপি তাঁহারা প্রেমজীবনকে স্বতন্ত্র মূল্য দিতে ইচ্ছুক এমন কি, নিকোলাদ বার্ডিয়েভের মত এীষ্টান লেথকও এই যুক্তি দেন যে, প্রেমকে প্রজননের উপর নির্ভরশীল বা অধীনস্থ করা গবাদি পশু প্রজননকে মানবীর সম্বন্ধে পরিবতিত করার তুল্য। আধুনিক গুজরাটের শ্রেষ্ঠ কবি নানালাল ভাহার উৎকৃষ্ট নাটক 'জয়া ও জয়ন্ত' তে দেখাইরাছেন, স্থল দৈহিক মিশন বা যৌন সম্বন্ধ ব্যতীত প্রেম সম্ভব। তাঁহার নাটকে উল্লিখিত রাজকুমারী জয়া ও রাজকুমার জয়ন্ত পরস্পরকে গভীরভাবে ভালবাসিয়াছিলেন। তথাপি তাঁহারা সারা জীবন পরিণয়ে আবন্ধ না হইরা ব্রহ্মচর্য পালন করিরাছিলেন। জন্মন্ত সন্ন্যাস-ধর্মে দীক্ষিত হন এবং জন্না চিরকুমারী পাকিয়া ব্রত গ্রহণ করেন "ইহজীবনে কোন পুরুষের কাম স্পর্শে আমার দেহকে কালুষিত করিব না। বেমন বিতাৎস্পর্শে আগুন জলে তেমনি আমার কুমারী দেহ অক্ত ব্যক্তির স্পর্শে উত্তপ্ত ও অশুদ্ধ হয়।" জ্য়া এবং জয়ন্ত অনন্ত পথের তীর্থবাজীরূপে জীবন অতিবাহিত করিয়া মুত্যু পর্যন্ত কৌমার্য ব্রতে অধিষ্ঠিত ছিলেন। কবি নানালাল বলেন, যথন নরনারী কামদেবকে পরাজিত করিবে তথন মর্ভলোক জ্যোতির্ময় দেবলোকরপে আলোকিত হইবে। কামাদি বিপু শাস্ত হয় তথন জগজ্জয় হয়। কামজয় হারা জগজ্জয় मस्य ।

উক্ত নাটকের উপক্রমণিকার কবি নানালাল যথার্থই মন্তব্য করেন, ইহা সত্য যে, এইরূপ জীবন-ত্রত অধিকাংশ জীবনে সাফল্যমণ্ডিত হয় নাই। ত্রত ভব্দ করেন নাই এমন লোকের সংখ্যা অত্যন্ত অয়। আমাদের দেশে এবং ইউরোপে মঠবাসীগণের জীবনকাহিনী সমান ভাবে বিশুদ্ধ ও উজ্জ্বল নয়। তথাপি চিরকুমার হয়্মানের জীবনের যে আদর্শ রামারণে চিত্তিত তাহার চিরক্তন বাণী মানবজাতি ভূলিলে চলিবে না। মহাযোগ্ধা চিরকুমার ভীত্মের জীবনে মহাভারত উক্ত আদর্শই জাতির সন্মুখে ধরিরাছেন।
ক্রমবর্ধমান ইন্দ্রিরভোগেচ্ছার বুগে ইন্দ্রির উপভোগের সকল স্থারাগ
সেচ্ছার ত্যাগের মহিমা-গীতি অনেকের কাছে শুতিকটু ও কর্কণ ঠেকিবে।
প্রেটোক্ত প্রেম ও কৌমার্য্যের পথ মন্তন্ত নর। উক্ত পথে অজম প্রলোভন এবং
পদে পদে অসংখ্য বাধা বিভ্যমান। কিন্তু তুর্লভ ত্যাগী জীবনের বীর্থ্ব
সমস্ত বিপদের মধ্যে অটল বিখাসে এবং অবিচলিত মনোভাবে প্রকৃটিত হয়।
স্পঠভোবে ইহা বল। আবশ্রক যে, এই পথ যাহার ভাহার উপযোগী নহে। যে
সকল নর-নারীর অসামান্ত আজ্মসংয্ম আছে, কেবলমাত্র ভাহাদের নিকট
এই পথ স্থগম।" সেইজন্ত ঋষিগণ বলেন, ধর্ম-পথ ক্রুরধারবং নিশিত।

প্রীতি নৈব্যক্তিক খইলেই সম্যক্ বিশুদ্ধ থাকে। যথনই ইহা ব্যক্তিগত व्य उथनरे देश कामयुक ७ कन्षिछ व्य । (प्रविद्ध প্রেমের নামান্তরই काम। মার্কিন ঋষি হেনরী ডেভিড থোরো সত্যই বলেন যে, পুস্প্যোদান ও বেশালয়ের মধ্যে যত ব্যবধান, প্রেম ও কামের মধ্যে তত দূরত্ব বিজ্ঞমান। থোরো বলেন. ''আমাদের বান্ধবীকে আমরা এরপ ভালবাসিব যে, তিনি ষেন পবিজ্ঞত্ম ও বিক্তমত্ম চিম্নারাশির সহিত সংশ্লিষ্ট হন।" পরস্পরকে এমন ভাৰবাসা উচিত বে, সেজ্ঞ কাহাকেও বেন ভবিষতে অহতপ্ত না হইতে হয়। যথন স্বেহদীল ব্যক্তিগণ উচ্চতর প্রকৃতির সাহায্যে সহাম্ভৃতি করেন তথন শুদ্ধ প্রেম জরে। কিছু তাঁহারা যথন নিম্নতর প্রকৃতির প্রেরণার সমবেদনা দেখান তথন কাম উৎপন্ন হয়। গভীর প্রীতির ঘনিষ্ঠ সংস্পর্শে পরস্পরকে অশুদ্ধ ও কলুষিত করার সম্ভাবনা আছে। থোরো আরো বলেন যে, পৰিত্রতা একটা हेजिम्बक खन, हेहा कथाना निजिम्बक नहि। विश्विष्ठः विवाहित कौरान **এই धर्म शामनीय। कान गायक आगाउ निक**ष्ठ मखना कवित्राष्ट्रितन दर. প্রাতি বধন অওছ ও দৈহিক হয় তথন ইহা প্রতিক্রিয়া স্মষ্ট করে। কিছ বিওছ প্ৰীতি প্ৰতিক্ৰিয়া বন্ধিত। ইংবাৰ মনীবী বাউ'াও বাসেল 'আমি কি বিখাস করি' নামে একটি ছোট বইতে খীর অভিক্রতা লিপিবছ করিয়াছেন। উহাতে তিনি বলেন, প্রীতির ছইটি দিক আছে—ব্যক্তিগত আনন্দলাভ ও প্রিশ্বপাত্তের কল্যাণ কামনা। প্রীতির মধ্যে ব্যক্তিগত আনন্দ যতই কম থাকে ততই উহা বিশুদ্ধ হয়। কল্যাণ কামনাই প্রীতির নৈর্ব্যক্তিক অংশ। এই অংশ যতই সমৃদ্ধ হয় ততই প্রীতি নি:ম্বার্থ ও ব্যাপক হয়। পবিত্রতা বা ব্রন্ধার্য ব্যতীত নৈর্ব্যক্তিক প্রেম অসম্ভব। প্রেম স্বাভাবিক চিত্তধর্ম। যথন উহা দেহধর্মে পরিণত ১য় তথন উহার নাম কাম। যথন উহা বিশুদ্ধ আকাবে আজ্বর্মের রূপ ধারণ করে তথন উহার নাম ১য় প্রেম।

বাইবেলে আছে, প্রীতিই জীবনের মূলধর্ম। উহার অর্থ প্রীতি আত্মিক. रेपहिक नरह। श्रीठिएक विश्वक कविएठ इट्टेंग टेटा इटेएठ रेपहिक मुलक ছিন্ন করিতে হর, ইহাকে আত্ম-ভূমিতে ভূলিয়া লইতে হর। প্রীতির অধ্যাত্মরূপ দানের অর্থ প্রিয় পাত্রের মধ্যে ঈশ্বর-বৃদ্ধি করা। বাংশার নট-ভৈরব ও নাট্য-সম্রাট গিরিশ ঘোষ 'বিঅমক্ল' নামক তাঁহার বিখ্যাত নাটকে প্রেম-তত্ত্ব মনোবিজ্ঞানের আলোকে অতি স্বন্ধরভাবে বিশ্লেষণ করিয়াছেন। বিৰ্মন্ত্ৰ পতিতা নাবী চিন্তামণিকে এত প্ৰমন্তভাবে ভালবাসিয়াছিলেন যে তাহাকে না দেখিয়া তিনি একটি দিনও কাটাইতে পারিতেন না। এমন কি. পিতার প্রান্ত দিবসেও তিনি গভীর রাত্তিতে প্রিয়তমার দর্শনে অধীর চিত্রে তাঁহার নিকট উপস্থিত হন। তখন তিনি এত প্রেমোক্মন্ত ছিলেন তাঁহার বাফ্লান প্রায় তিরোহিত হইয়াছিল। পথে প্রাবিতা নদীকে তিনি প্রশিত भवामरह त्राहारा व्यक्तिम करवन । প্রেমের নেশার মৃতদেহকে তিনি ভাসমান कार्ष्ठभेश विनिद्या खान करवन । निनीश हिन्दां मिन गृहवां व जनव हहे एव वस हिन। जिनि पिथिनन, पिथदान हहेरा **अकि काल। माहे। प**ड़ि सुनिटाइ। ইহার সাহায্যে তিনি সমুচ্চ দেওরাল অবিলয়ে অভিক্রম করেন। কিন্তু উহা তো রজ্জু নয়, জীবস্ত কালসর্প! গভীর নিশীথে অপ্রত্যাশিত ভাবে विवयननारक मिथिया विद्यायणि व्यथकाणा व्हेन। विवयनमान व्यथात व्यक्र প্রেম তাহাকে অবাক করিল। সে বলিল, "আমার প্রতি তোমার বত টান,

যভ প্রেম, তা যদি ঈর্বরের প্রতি হত তা হলে তুমি তাঁকে নিশ্চরই পেডে।" চিন্তামণির কথার বিভ্যন্তর জ্ঞান-চকু খুলিল। সে ব্বিতে পারিল, "অলকে, সদীমকে ভালবাদিরা মান্ত্র্য কথনো পরিত্প্ত হর না। পার্থিব বন্ধ বা ব্যক্তি মান্ত্র্যকে চরম সংত্থি দানে অসমর্থ!" দেইদিন হইডে ভাহার জীবনের গতি পরিবর্তিত হইল। সেইজক্ত বৈদিক ঋষি ঘোষণা করিরণছেন, "ভূমৈব স্ব্থং নাল্লে স্ক্র্মনিন্তি!" অর্থাৎ ভূমাই, অসীমই স্থাথের উৎস। অলে বা সদীমে ক্র্থানাই।

বিৰম্পলের জীবনের সহিত তুলসীনাসের জীবনের সৌসাদৃত বিজ্ঞমান তুলসীনাসও বিৰম্পলের স্থায় তাঁহার স্ত্রীর প্রতি অফুরক্ত ছিলেন। তিনি প্রিয়া সন্দর্শনে গভীর রাত্তিতে খণ্ডরালয়ে উপস্থিত হন। তথন পত্নী বিরক্ত হইয়া পতিকে তিরস্কারেব স্থারে বলিয়াছিলেন—

> হাড়মাসকী দেহ মম তা পর জিতনি প্রীতি। তিন্তু আধি যো রামপ্রতি অবশি মিটিহি ভব-ভীতি॥

অর্থাৎ আমার অন্থিচর্মময় দেহের প্রতি তোমার যে আসক্তি হইন্নাছে তাহার অর্থেক যদি ভগৰান্ রামচক্রের প্রতি হইত তাহা হইলে তোমার ভব-ভয় অবশুই দূর হইত। ভূমি নিশ্চয়ই তাঁহার দর্শন পাইতে।

পত্নী গুরুর কাজ করিলেন। পত্নীর তিরস্কারে পতির বৈরাগ্য জরিল, জ্ঞান চকু খুলিল। তিনি ভগবদর্শনের জন্ত সংসার ত্যাগ করিলেন এবং পত্নী-প্রেমের মোড় ভগবদ্মুখী করিয়া রাম-নর্শন লাভে ধক্ত হলৈন। তাই ঠাকুর রামকৃষ্ণ বলিতেন, "সতীর পতির উপর যে টান মায়ের সস্তানের প্রতি যে টান এবং বিষয়ীর বিষয়ের উপর যে টান—এই তিন টান মিলিতভাবে স্বাধরের প্রতি দিলেই ঈশ্বর দর্শন হয়।

বিবাহিত জীবনে ব্ৰহ্মচৰ্য্য অবিবাহিত জীবনে ব্ৰহ্মচৰ্য্য ব্যতীত দাঁড়াইতে পাৱে না। বিবাহিত জীবনে ব্ৰহ্মচৰ্য্য অত্যাবশুক। বিবাহিত জীবনে সংব্য সাধনার সমস্তা সম্যক্ ভাবনা করিলে আপটন সিনক্লেরার নিশ্চরই স্বীকার করিবেন যে, ব্রশ্বচর্য্য পালন বা বীর্যাধারণ মানব জীবনে অপরিহার্য্য। আল্ভাস হাল্পলি তাঁহার বিপ্যাত গ্রন্থ "এণ্ডস্ এয়াণ্ড মীন্ধা" এর শেষ অধ্যারে নৈতিক সমস্থার সমাধানার্থ মন্তব্য করেন, "কিন্তং পরিমাণে থৌন সংযম বা ব্রন্ধচর্য্যই সর্বপ্রকার মানসিক শক্তি লাভের পূর্ব্ব সর্ত্ত। ইচ্ছাশক্তি, জ্ঞানশক্তি বা ক্রিয়াশক্তি যৌন সংযমের অভাবে পূর্বভাবে বিকশিত হয় না।" তিনি জ্যোর দিয়া বলেন, পবিত্রতাই জীবনের প্রধানতম গুণ বা ধর্ম। কারণ, ইহা ব্যতীত সমাজ উত্থমহীন হইবে এবং ব্যক্তিগণ্ড চিরন্তন অবসাদ, অক্সমনস্কতা, আসক্তি ও পশুত্বে অভিত্ত থাকিবে। তিনি মৃক্ত কণ্ঠে স্বীকার করেন যে, পশুব্বের উর্দ্ধে কোন প্রকার নৈতিক জীবনের আবশ্বকীয় প্রাথমিক অবস্থাই পবিত্রতা।

## —পাঁচ—

## বৈজ্ঞানিক আলোকে ব্রহ্মচর্যে ্যর উপযোগিতা

**फ्लेंद्र मान्नार्डे मत्न कर्द्रन (य, प्रश्मश्रष्ट्र योन গ্রন্থিসমূহের অভ্যন্তরীন** নি:স্ত রুদের সংরক্ষণ সর্কাপেক্ষা স্বাস্থ্যকর ও আয়ুবর্ধক। তিনি বলেন, ''যৌন সম্ভোগের সময়ে যে শুক্র ধাতু ক্ষরিত হয় ভাহা অসার পদার্থ নহে এবং উহার সংরক্ষণ আদে অনিষ্টকর নহে" তাঁহার মতে উক্ত ধাতুর সংরক্ষণ বিশেষ ভাবে দৈহিক ও মানসিক স্বাস্থ্য স্থদৃঢ় করে। কারণ জৈব রাসায়নিক মিতব্যর স্বাস্থ্যকর ও অর্বর্ধক। শুক্রক্ষয়ে প্রচুর পরিমাণে লৌহ, ফসফরাস ও ক্যালসিয়াম পদার্থ দেহ হইতে নিংস্ত হয়। ম্যালচাউ তাঁহার 'যৌন জীবন' নামক পুস্তকে (৩৪ পৃষ্ঠার) মন্তব্য করেন, ইহা মানবীর মনোবিজ্ঞানের একটি ऋगंजीद ७ विठातमूनक छान, याशंत्र चालाक योन मःयम वित्नव श्रासामनीक মনে হর। আধ্যাত্মিক উন্নতির জক্ত অধিকতর উৎসাহ, গভীরতর অফুরাগ ও প্রবলতর মনোযোগ লাভের উদ্দেশ্যে ইহা অপরিহার্য্য। প্রাক্বতিক চিকিৎসা নামক বিখ্যাত ইংবাজী পুস্তকে (২য় খণ্ড, ৩১৮ পূচা) ইহা কথিত আছে যে, শুক্র-ধাতুই প্রাণশক্তির বাহক। শুক্রক্ষর বন্ধ রাথিলে উহা যৌন গ্রন্থির মাধ্যমে বজে মিশ্রিত হয় এবং দৈহিক, নৈতিক ও আধ্যাত্মিক সামর্থ্য ও উল্লয় বৃদ্ধি করে। শারীর চর্চার বিশকোষ নামক স্বরুহৎ ইংরাজী গ্রন্থে (ংম খণ্ড, ২৪৫০ পৃষ্ঠা) উল্লিখিত আছে, এক অংশ শুক্র বহু অংশ ওদ্ধ রক্তের সমান এবং যথন সেই গুক্ত পুনরায় রক্তে মিশ্রিত হয় ইহা সায়ুশক্তিতে পরিণত হয়। ডাক্তার পোইরেল স্পারমাইন সম্বন্ধে যে বৈজ্ঞানিক পরীক্ষা করিয়াছেন তাহার ফল এই বিষয়ের উপর অপূর্ব আলোক সম্পাত করে। পুনবৌধন লাভের জন্ত ডিনি সক্রির হারমোন সহযোগে যে আধুনিক চিকিৎসা প্রবর্তন করিয়াছেন তাহার খারা উল্লিখিত মস্তব্যও

বিশেষভাবে সমর্থিত হয়। হিন্দু শাস্ত্রমতে মাহবের স্বাভাবিক আয়ু এক শভ বৎসর। এই প্রসঙ্গে ইংরাজ মহাকবি মিল্টন বলেন, ''মাহ্ম একশত বা তদধিক বৎসর বাঁচিতে পারে, ইহা কোন কাল্পনিক মন্তব্য বা আকাজ্জা নহে। মনোবৈজ্ঞানিক ও প্রাকৃতিক নিয়ম অহসারে দেহ-মনের পূর্ণ বৃদ্ধিলাভ করিতে যত বৎসর আবশ্যক হয় ভাহার অন্ততঃ পাঁচ গুণ কাল মাহ্মের আয়ু ইইতে পারে। পশু জগতে এই বছল প্রচলিভ নিয়মের দৃষ্টান্ত সর্বত্র দেখা যায়। বোড়া বর্ধিত হইতে প্রান্ধ চার বৎসর লাগে এবং প্রান্ধ বার হইতে চৌদ বৎসর বাঁচিয়া থাকে। আট বৎসরে একটি উদ্ভ বড় হয় এবং সে প্রান্ধ চল্লিণ বৎসর বাঁচিয়া থাকে। আট বৎসরে আকটি উদ্ভ বড় হয় এবং সে প্রান্ধ চল্লিণ বৎসর বাঁচিয়া থাকে। আট বৎসরে মাহ্ম পূর্ণাল মাহ্ম হয়। আক্ষিক ত্র্তিনায় জীবনদীপ নির্বাপিত না হইলে মানব জীবনের সাধারণ আয়ু এক শত বৎসরের কম হইবে না। স্কুতরাং বীর্যধারণই দীর্ঘজাবন লাভের উৎকৃষ্ট উপায়।

আরও অনেক পাশ্চাত্য চিকিৎসক আছেন, বাহার। ম্যালচাউর মত সর্বাস্তঃকরণে সমর্থন করেন এবং বলেন, "কৌমার্যাই আয়ুর্দ্ধির স্লকৌশল।" ডক্টর নিকলস লিথিয়াছেন "ইলা ঔষধ বিজ্ঞান ও শরীরতথের একটি মৌলিক সত্য যে, পুরুষ ও নারী উভয় দেহে প্রজনন-শক্তি বর্ধনে দেহের শ্রেষ্ঠ রক্তই প্রধান উপাদান। পবিত্র ও সংযত জীবনে শুক্রই দেহে পুনরায় সংমিশ্রিত হয় এবং স্ক্রতম মন্তিক, স্থদৃঢ় স্নায়ু ও পৈশিক তন্ত্র স্ক্রনে নিয়োজিত হয়। এই পাতু রক্তে পুনর্বাহিত ও সর্বান্ধে সঞ্চালিত হইয়া মাস্থ্যকে তেজস্বী, সবল, সাহসী ও স্থবীর করে। এই থাতু অযথা ব্যায়ত হইলে মাস্থ্যক নেরীভাবাপয়, শক্তিহীন, অদৃত্চেতা, ক্ষীণবৃদ্ধি, ভয়দেহ, যৌনাক্রিয়াসক্ত, অবসাদগ্রন্থ, বিশৃদ্ধালা পরায়ণ, আয়শক্তিশৃন্ধ, য়ুগীরোগাক্রান্ধ, উয়ত্ত বা য়ৃত্যমুথে পতিত হয়। ডক্টর নিকল্স আরও বলেন যে, জননেক্রিরের ব্যবহার বন্ধ রাথিলে দৈহিক ও নানসিক শক্তি ও নৈতিক জীবনের লক্ষ্যণীয় বিবৃদ্ধি দৃষ্ট হয়। চিকিংসা-বিজ্ঞানে বিশেষজ্ঞগণ্ড অভিমত প্রকাশ করেন, "একবার যৌন সন্ধোগে যে

শক্তি কর হর তাহা সাত দিন শারীরিক পরিপ্রমে যে শক্তি ব্যরিত হর বা চিবিশে ঘণ্টা মানসিক পরিপ্রমে যে শক্তির অপগম হর তাহা, তাহার সমান একবার যৌন সম্ভোগ স্নাযুমগুলীকে অভিশয় ত্র্বল করে এবং নৈতিক শক্তি হ্রাসপ্রাপ্ত হয়।

#### —ছয়—

#### প্রসিদ্ধ চিকিৎসকগণের মন্তব্য

আলোচ্য বিষয়ের লব্ধ-প্রতিষ্ঠ বিশেষজ্ঞগণের যে সকল প্রশংসাপত নিম্নে উল্লিখিত হইল তাহা হইতে নিঃসংশযে প্রমাণিত হয়, ব্রহ্মচর্য্য পালন বা বীর্য্যধারণ আদৌ অনিষ্টকর বা অসম্ভব নহে এবং ইছা সর্বধা সম্ভব ও সর্বাপেক্ষা প্রয়োজনীয়।

জার্মাণির টুবিঞ্জেন বিশ্ববিভালয়ের ভ্তপূর্ব অধ্যাপক অন্তারলেন বলেন, "যৌন সংস্কার এত অন্ধ ও শক্তিমান্নহে যে, নৈতিক শক্তিও বিচার-বৃদ্ধি বারা ইহা সংযত এবং এমন কি, সম্পূর্ণ দমন করা যায় না। উপযুক্ত বয়স না আসা পর্যান্ত তক্ষণীর ভায়ে তক্ষণেরও যৌন সংযম শিক্ষা করা উচিত। সকলের জানা উচিত, এই স্বেচ্ছাক্তত সন্তোগ বিসর্জনের পুরস্কার সবল আহ্য ও চির-ন্তন মহাশক্তি। ইহা পুন: পুন: বলা বাছলা যে, যৌন সংযম এবং পূর্ণান্ব পবিজ্ঞতা আহ্য-তত্ব ও নীতি-বিজ্ঞানের নিরমাবলীর সহিত সম্পূর্ণ সমঞ্জম এবং ধর্ম্মতত্ব ও নীতিবিজ্ঞান ত দ্বের কথা, আহ্য তত্ব ও মনোবিজ্ঞানের আলোকেও যৌন প্রথম সমর্থনীয় নহে

লগুনস্থ রয়্যাল কলেজের অধ্যাপক স্থার লিওনেল বীল বলেন, "মানব সমাজের মহন্তম ও শ্রেষ্ঠতম ব্যক্তিগণের উদাহরণ সর্বকালে নিঃসন্দেহে প্রমাণিত করিয়াছে যে, সবল ও সংযত ইচ্ছাশক্তি এবং জীবন-যাত্রা ও জীবিকার্জনের প্রণালী উয়য়ন ছারা ছর্জয় ইক্রিয় ও পুরাতন কুসংস্কারকে সম্যক্ দমন করা যায়।" বীর্যাধারণ অভাবধি কাহারো পক্ষে অনিষ্ঠকর হয় নাই, যথন ইহা শুধ্ বাহ্ছ উপায় প্রয়োগে পর্যবিসত না হইয়া চারিত্রিক উৎকর্ষের আকাজ্জায় অহ্নস্থত হইয়াছে। প্রকৃত কোমার্য্য অভ্যাস কষ্টকর নহে, যদি ইহা কোন স্থাহৎ আদর্শাহ্যরাগের অহ্নস্বরূপে অবলম্বিত হয়। কোমার্য্যর উদ্দেশ্য কেবলমাত্র বীর্যাধারণ নহে; পরস্ক ভাব-শুদ্ধিই ইহার মুখ্য লক্ষ্য। গভীর বিশ্বাসের বলে ভাব শুদ্ধ হয় এবং তাহাতে মহাশক্তি জয়ে।

স্ইলারল্যাণ্ডের বিধ্যাত মনোবৈজ্ঞানিক ফোরেল বলেন, "যৌন ভোগ বিদ্রের সকল কারণই ভোগেছা বর্ধিত করে। এই সকল প্রলোভন এড়াইয়া চলিলে ইহার বেগ প্রশমিত হর এবং ভোগবাসনা ক্রমশ: হ্রাস পার। তরুণ-তরুণী মহলে এই আন্ত ধারণা প্রচলিত যে, বীর্যাধারণ অত্যন্ত অস্বাভাবিক ও অসম্ভব ব্যাপার। অওচ বীর্যাধারণে সমর্থ সহস্র নরনারী একবাক্যে শীকার করেন যে, স্বাস্থ্যহানি আদৌ না করিয়া ব্রহ্মচর্য্য পালন করা যার। রিবিং সাহেব বলেন, "পাঁচিশ ত্রিশ বা ততোধিক বৎসর বয়ম্ব অসংখ্য ব্যক্তি ব্রহ্মচর্য্য পালনে সমর্থ ইইয়াছেন অথবা যাহারা বিবাহিত তাঁহারাও বিবাহকাল পর্যান্ত ব্রহ্মচারী ছিলেন। এইরূপ লোকের সংখ্যাও অয় নহে। তবে তাহারা স্থভাবতঃই নিজেদের জাহির করিতে চাহেন না। ভক্তর এয়াক্টন বলেন, "বিবাহের পূর্বে তরুণ-তরুণীর পক্ষে অথও ব্রহ্মচর্য্য পালন সম্ভব ও আবশ্রক।" ইংলণ্ডের রাজদরবারের তৎকালীন চিকিৎসক স্থার জেম্স পেজেট বলেন, তাহার স্থচিন্তিত অভিমত এই যে, "জীবন-পথে অফ্র নীতি অপেকা সংব্মই উৎকৃষ্ট।"

ডক্টর ই. পেরিয়ার লিথিয়াছেন, "অথও ব্রহ্মার্যের কাল্পনিক বিপদ অভ্যস্ত মিথা ধারণা। ইহার তীব্র প্রতিবাদ করা উচিত, বেংছতু ইং। শুপু বালক-বালিকাদের মনকে নহে, ভাহাদের পিতামাতাদের মনকেও বিভাস্ত করে। ব্রহ্মচর্ব্য যুবক-যুবতীর জীবনে দৈহিক, নৈতিক ও মানসিক বর্মস্বরূপ।" স্থার এণ্ডু ক্লার্ক বলেন, "ব্রহ্মচর্ব্য দেহ-মনের কোনরূপ অনিষ্ট কবে না, ইহা স্বাস্থ্যোয়তির বাধকও নহে; বরং ইহা উত্থম ও উৎসাহের সাধক। ইহা ধারণা শক্তি সঞ্জীবিত ও হক্ষতম করে। অব্রহ্মচর্ব্য আত্ম সংঘদকে শিথিল করে, দীর্ঘ-হাত্রতার অভ্যাস স্কৃষ্টি করে, সমগ্র সন্থাকে অবনত ও গ্রিয়মান করে এবং এমন ত্রারোগ্য ব্যাধি উৎপাদন করে যাহা পুরুষ-পরম্পরাক্রমে সঞ্চারিত হয়। তরুণ-তকণীর স্বাস্থ্যরুক্ষার্থ অব্রন্ধর্ব্য আব্যুক বলা শুধু ভ্রান্তি নহে. ইহা ভীষণ অক্সান্ন ও অমার্জনীয় অপরাধ। ইহা সর্ব প্রকারে বিভ্রান্ত ও অক্সান্ত্রন্ত্র।"

ভাক্তার সাররেড লি থিয়াছেন, "অবক্ষচর্য্যের দোষ স্থবিদিত ও অবিসংবাদিত। বক্ষচর্য্য তথা-কথিত পোষসমূহ কাল্লনিক। ইহার ঘারা যাহা প্রমাণিত হয় তাহা বহু গবেষণাপূর্ণ বুহদাকার গ্রন্থে বিবৃত। বক্ষচর্য্যরতীরাই অব্রন্ধচর্যের দোষরাশি বর্ণনে সমর্থ। আর অব্রন্ধচারীরাই অব্রন্ধচর্যের গুণাবলীর নির্লজ্জ ইতিকথা রচিরতা। অব্রন্ধচর্যের গুণবাজা বর্ণনায় হাহারা পঞ্চমূথ হন তাহারা চরিত্রহীন ও ধর্মবর্জিত এবং পশুপদবাচ্য। তাহাদের বিবৃতি যেমন অস্পষ্ট, তেমনি অর্থহীন ও অগ্রাহ্য।" বার্ণী-বাসী প্রাক্কতিক চিকিৎসা বিজ্ঞানের প্রসিদ্ধ করাসা অধ্যাপক ভাক্তার তুবইস বলেন, "যাহারা ইক্রিয়নপারতন্ত্রে আত্মহারা হর তাহাদের মধ্যে সায়ু-দৌর্বল্য সমধিক দেখা যায়। আর যাহায়া পশুত্র-পাশ হইতে মুক্ত হইতে চেন্তা করে তাহায়া সাধারণতঃ উক্ত রোগে আক্রান্থ হয় না।" বিসাটার হাসপাতালের চিকিৎসক ভক্তর ফেরে কর্ভৃক উক্ত মত সম্পূর্ণ সমর্থিত। ভক্তর ফেরে বলেন, "যাহারা মানসিক বিশুদ্ধি সংবক্ষণে সমর্থ তাহারাই স্বান্থ্যক্ত না করিয়া বন্ধচর্য্য পালনে সাফ্লামণ্ডিত

হয়। কাম রিপু চরিতার্থতার উপর কথনো স্বাস্থ্য বা শক্তি নির্ভর করে না।"

অধ্যাপক আলফ্রেড ফাউর্ণার বলেন, 'তরুণ-তরুণীর পক্ষে ব্রন্ধর্য্য পালনের বিপদ সম্বন্ধে অনেক শোচনীয় ও অগভীর আলোচনা হইয়াছে। আমি নিশ্চয় করিয়া বলিতে পারি যে, যে সকল বিপদের কথা তোমরা এত জোর দিয়া বলিতেছ তৎসম্বন্ধে আমি আদে। অবহিত নহি। যদিও আমার ব্যাপক ও স্থাতি চিকিৎসা ব্যবসায়ে শত শত রোগী পর্যাবেক্ষণের স্থযোগ আমি পাইয়াছি তথাপি উল্লিখিত বিপদসমূহের অন্তিত্ব সম্বন্ধে কোন বিখাসযোগ্য প্রমাণ এখনো আমি পাই নাই। অকাল যৌন ভাব সম্পূর্ণ কৃত্রিম এবং মন্দচালিত লালনপালনের অনিবার্য্য কুফল।" ডাক্তার মণ্টেগাজা লিখিয়াছেন, **"বীর্যাধারণের ফলে** রোগাক্রাস্ত হইবার দৃষ্টাস্ত আমি জীবনে কথনো দেখি নাই। কিন্তু অনৈতিক অসংযত জীবন যাপন ছুরারোগ্য ব্যাধির উৎস তাহা কে অৰগত নছে ? ব্রহ্মচর্য্যহীনের দেহ অবর্ণনীয় গলিত নরককুণ্ডে পরিণত হয়। ইহার ফলে কল্পনা, হানয় ও বৃদ্ধির ভীষণ অভ্যন্ধিও আমরা বিশ্বত হুইব না। সকল নরনারী, বিশেষতঃ তব্রুণতক্ষণীরা, নির্মিত বীর্য্যারণের অমিত স্থাৰ অচিবে লাভ করে। বীৰ্যাধারণের ফলে স্মৃতি কত স্থাপ্ত ও সুস্ত্র হর, মন্তিঙ্ক কত সতেজ ও উর্বার হর, ইচ্ছাশক্তি কত সমৃদ্ধ হয় এবং সমগ্র চরিত্র কত সবলতা প্রাপ্ত হয় তাহা বীর্যাহীনরা ধারণা করিতে পারে না। বন্ধচর্য্য পালনের ফলে আমাদের পরিপার্য যে স্বর্গীয় সুষমায় রঞ্জিত হয় তাহা চশমার দেখা যায় না। বিশ্বের কুত্রতম বস্তুও ব্রহ্মচর্য্যের আলোকে আমাদের দৃষ্টি-পথে পডিত হয়। যে বিশুদ্ধ অনস্ত হথের অন্ধকার বা অবসান নাই সেই স্থাপের সাগরে আমরা নিমজ্জিত হই।" ডাব্ডার মণ্টোগাজা আরো বলেন, "যে তে ৰস্বী তরুণ-তরুণীরা বীর্ব্যধারণ করে তাহাদের সমুজ্জন আত্ম-বিশ্বাস, অমান প্রফুলতা ও প্রীতিপূর্ণ সহাস্ত বদন দেখা যায়। আর তাহাদের ৰে সম্বীরা কামরিপুর ক্রীতদাস তাহারা জর-রোগীদের মত চঞ্চ,

অন্থির, উত্তেজিত ও বিকার-গ্রন্ত থাকে। উভয় দলের চিত্র সম্পূর্ণ বিপরীত।''

১৯০২ ঞ্জী: বেলজিয়ামের রাজধানী ব্রাসেল্স নগরে স্বাস্থ্য ওনীতি বিজ্ঞানের আন্তর্জাতিক মহাসভার বিভীয় সাধারণ অধিবেশনে সমস্ত পৃথিবীর বিভিন্ন দেশ হইতে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ১০২ জন বিশেষজ্ঞ যোগদান করেন। তাঁহারা সর্বসম্বাভিক্রমে এই সিদ্ধান্ত গ্রহণ করেন, "সর্বপ্রথমে তরুণ-ভরুণীদিগকে এই স্থনীতি শিক্ষা দেওয়া হউক যে, দেহ-মনের সংযম ও বীর্যধারণ আদৌ অনিষ্টকর নহে অধিকন্ত চিকিৎসা-বিজ্ঞান ও স্বাস্থ্য-ভত্তের দৃষ্টিভঙ্গীতে এই সকল সদ্গুণ সর্বাত্রে পালনীয় ও সর্বাপেক্ষা প্রশংসিত।" ক্রিন্সিনানা বিশ্ববিভালয়ের মেডিক্যাল কলেজের অধ্যাপকগণ একমত হইয়া ঘোষণা করেন যে, বিশুদ্ধ সংযত জীবন স্বাস্থ্যের পক্ষে অনিষ্টকর—এই ধারণা আমাদের সকলের পরিপক্ক অভিক্রতার আলোকে ভিত্তিহীন ও লান্ত: এবং পবিত্র ও নৈতিক জাবন যাপনের ফলে কোন অনিষ্টের আশক্ষাআছে সে সম্বন্ধে কোনও প্রমাণ আমরা এখন পর্যান্ত পাই নাই।

ফরাসী মনীবী মঁসির রাইসেনের অভিমত এই যে, ব্যাধি ও ব্যারামের প্রয়োজনের স্থার যৌন কুধার অল্পতম পরিতৃপ্তিই স্বাস্থ্যকর ও স্থকর। তিনি বলেন, পুরুষ বা নারী দারুণ ব্যাঘাত, এমন কি, কট্টকর অস্কৃবিধা ও ভোগ না করিয়া ইন্দ্রির-সংযম অভ্যাসে সমর্থ। কেবলমাত্র অপ্রকৃতিস্থ ও ইন্দ্রিরাসক্ত নরনারীগণ সংযম সাধনে কটভোগ করিয়া থাকে। ইহা সত্যই কথিত হইরাছে যে, প্রকৃতিস্থ ব্যক্তিগণ বীর্যাধারণ করিলে কোন রোগেই আজান্ত হয় না। এই সত্য পুন: পুন: প্রচার করা নিস্প্রয়োজন; কারণ এই মৌলিক সত্য মানব সমাজ কর্তৃক কোন কালে ব্যাপক ভাবে অবহেলিত হইতে পারে না। জগতে প্রকৃতিস্থ ব্যক্তির সংখ্যাই সমধিক। স্ক্রোং তাহাদের পক্ষেবীর্যাধারণ অবশ্রই মঙ্গাজনক। অস্বান্ডাবিক বীর্যাক্ষরের ফলে যে সকল ক্রিন ব্যাধি উৎপন্ন হয় ভাহা সর্বজনবিদিত। অতিরিক্ত পুষ্ট-প্রবাহের অলান্ত

ও সরল পথ প্রকৃতি দেবী পুরুষের পক্ষে অপ্রদোষরূপে এবং নারীর পক্ষে মাসিক ঋতুরূপে নির্দিষ্ট করিয়াছেন। বীর্যাধারণ স্থান্দর আস্থান্দর আন এক অপরিচিত অতিথিকে দারমুক্ত করিয়া দেয়, যে অদূর ভবিষ্যতে প্রাণহস্থা হইতে পারে। যৌন লালসা যে কোন বয়সে কট্টকর হইলেও যৌবনে ইহা দারণ বিকৃতির স্চনা করে। ইহার দারা ইচ্ছাশক্তির ও ইন্দিয়বর্গের যে বিকৃতি ঘটে তাহা অপুরণীয় ও অসংশোধনীয়।"

যৌন কুধা দেহ মনের আসল অভাব বা প্রকৃত প্রব্রোজন নহে। ডাক্তার ডিরী মন্তব্য করেন, "সকলেই জানেন, নিশ্বাস প্রশাস বন্ধ বা পৃষ্টির অভাব পূরণ না করিলে কি ক্ষতি হয়। কিন্তু সাময়িক ও আজীবন ব্রহ্মচর্য্য পালনের ফলে কোন সামান্ত বা কঠিন ব্যাধি জন্মে—একথা কেইই সাহস করিয়া বলিতে পারিবে না। স্বস্থ জীবনে আমরা অসংখ্য সংযত ব্যক্তির দৃষ্টান্ত দেখিতে পাই যাহাদের চরিত্র-বল, ইচ্ছাশক্তি বা দৈহিক সামর্থ্য কোন অংশে কম নহে। ভাহারা বিবাহিত হইলে প্রক্রার জনক হইবার অযোগ্যও হন না। যে প্রয়োজন ব্যক্তিবিশেষে পরিংর্ত্তনশীল, যে প্রবৃত্তি উপভোগ ব্যতীতও শান্ত করা যার ভাহাকে প্রয়োজন বা প্রবৃত্তি না বলাই সঙ্গত। বর্ধমান বালক বা বালিকার শারীরিক প্রয়োজন প্রণার্থ যৌন ভোগ নিম্প্রয়োজন। অন্ত পক্ষে দেহ-মনের স্বাস্থ্যবন্ধার্থ সম্পূর্ণ যৌন সংযম অত্যাবশ্রক। যাহাদের জীবনে এই প্রাকৃতিক নিয়ম লজ্যিত হর ভাহাদের স্বাস্থ্য কথনো পূর্ণতা বা পরিণতি

মাসগো বিশ্ববিভালরে শরীর-তব্বের অধ্যাপক বিধ্যাত ইংরাজ শরীর-তত্ত্বিৎ জন জি. এম. কেণ্ডি ক ৰলেন, ''থৌন প্রবৃত্তির অন্তায্য সন্তোগ কেবল নৈতিক দোষমাত্র নহে, দেহেরও অপূর্নীয় ক্ষতি কারক। প্রশ্রম দিলে এই অভিনব প্রয়োজন হর্জার দৈত্যবং অনিষ্টকারী হয়। হুইচিত্ত উহার কথায় কর্ণপাত করে এবং উহাকে প্রশ্রম দেয়। প্রত্যেক নৃতন ক্রিয়া অভ্যাস-শৃথলে এক একটা নৃতন প্রহি বাড়াইবে। এই কু-অভ্যাস ভক করিবার শক্তি অনেকেরই

থাকে না এবং তজ্জ্জ বহু লোকে অসহায়ভাবে দৈহিক ও মানসিক সর্বনাশ বরণ করে। অসৎ প্রবৃত্তি অপেকাা ঘোর অক্সতার বশেই অধিকাংশ ক্ষেত্রে তরণ-তরুণীরা এই মন্দ অভ্যাসের বশবর্তী হয়। সমগ্র সন্থাকে স্থানিরমান্থবর্তী এবং মনোগত ভাবরাশিকে বিশুদ্ধ রাথার অভ্যাস করিলেই সেই পাশবিক প্রবৃত্তি নিস্তেজ হইয়া পড়ে।" উল্লিখিত প্রকারে ডক্টর ফ্রাঙ্কে এস্কান্তি মন্তব্য করেন, "যৌন প্রবৃত্তি সহকে আমাদের অভিমত এই যে, প্রবল ইচ্ছাশক্তিও বিচার-বৃদ্ধি ছারা ইহাকে একোরে দমন করা যায়। ইহাকে যৌন প্রয়োজন না বলিয়া যৌন প্রবৃত্তি বলাই বৃক্তিসভত। কারণ, ইহা আদৌ দৈহিক প্রয়োজন নহে, ইহার পূরণ ব্যতীত দেহ-মনের কোন অনিষ্ঠ হয় না। বস্তুতঃ ইহা স্থান্ত্যের পক্ষে আদৌ প্রয়োজনীয় নহে, যদিও অনেকে ভ্রান্ত থাকেন তাহার যৌক প্রবৃত্তির যে কাল্লনিক সংজ্ঞা দেন তাহার মোহেই তাহারা যৌন সম্ভোগকে স্বাস্থ্যকর প্রয়োজন বলিয়া মনেকরেন। প্রাকৃতিক নিয়মাবদীর প্রতি বৃক্তিসভত ও স্থাভাবিক আহ্বগত্য থাকিলে কেইই ইহাকে স্বাস্থ্যকর প্রয়োজনরূপে স্বীকার করিবেন না। প্রকৃত পক্ষে যৌন ক্রিয়া স্বেচ্ছাকৃত এবং হন্ত নীতি বা ভ্রান্ত ধারণার বশে অন্থ্যতঃ"

যৌন সন্তোগে জ্বীবনী শক্তি আশ্চর্যজনক রূপে ক্ষয়প্রাপ্ত হয়, শরীর ক্ষীণ হয়। বীর্য সংরক্ষণে জীবনীশক্তি বৃদ্ধিপ্রাপ্ত হইরা আহ্য উন্নত, চক্ষুদীপ্তিশালী এবং দেহ রূপ-লাবণ্যে মণ্ডিত হয়। ব্রহ্মচর্য্য আধ্যাত্মিক শক্তি দাতা। ব্রহ্মচারী তীক্ষরুদ্ধি ও প্রথর স্মৃতিশক্তি সম্পন্ন এবং সর্বজন সমাদৃত হন।

#### —সাত—

# বিবাহ ও ব্রহ্মচর্য্য

ফয়েরছার বলেন, "স্বেচ্ছাক্তত ব্রন্মচর্য্যের ব্রত জীবনকে অবনত করা ত দুরের কথা, বিপরীত পক্ষে ইহা বিশুদ্ধ দাম্পত্য প্রীতির শ্রেষ্ঠ ভিত্তি। কারণ. ইহা স্থলক্ষপে মানবের স্বাধীনতাকে তাহার স্বীয় প্রকৃতির চাপের বিকৃদ্ধে প্রকটিত করে। ক্ষণিক খেরাল ও যৌন উপদ্রব সম্পর্কে ইহা বিবেকবৎ কার্য্যকরী হয়। এই অর্থে কৌমার্য্যও বর্মভুল্য। কারণ ইহার অন্তিত্ব বিবাহিত নর-নারীকে তাহাদের দাম্পত্যপ্রেম সম্বন্ধে পরম্পরকে অস্পষ্ট প্রাকৃতিক শক্তির দাসমাত্রেপে গণ্য করিতে বাধা দেয়। ইহা তাহাদিগকে প্রকৃতির বিরুদ্ধে প্রকাশ্য প্রভূত্বে সমর্থ স্বাধীন মানবের স্থান গ্রহণ করিতে পথ দেখায়। যাহারা চির কৌমার্য্যকে অস্বাভাবিক বা অসম্ভব বলিয়া উপহাস করে তাহারা সতাই জানে না, তাহারা কি করিতেছে! তাহারা বুঝিতে পারে না, এই চিস্তাধারা তাহাদিগকে অবশ্রই বেশ্রাগিরি ও বহু বিবাহের সমর্থক করিবে। যদি প্রকৃতির চাহিদা অদম্য হয় তাহা হইলে বিবাহিত নর-নারীর পক্ষে বিশুদ্ধ অকামহত জীবন যাপন কিরূপে সম্ভব ? অবণেষে তাহারা এই কথা ভূলিয়া যান যে, অসংখ্য পরিণয়ে বর বা কলা তাহাদের একজনের ক্লগতা বা অন্ত কোন অক্ষ্যতার জন্ত কয়েক মাস বা বংসর এমন কি সমগ্র জীবন বান্তব ব্রহ্মচর্য্য পালনে বাধ্য হয়। একমাত্র এই কারণেই ব্রহ্মচর্ব্যকে আমরা যে মূল্য দিব তদম্পারে এক বিবাহ প্রথা দণ্ডারমান থাকে বা ভূপতিত হয়।"

যে ন্যালথাস্ বর্তমান যুগকে লোকবৃদ্ধি এবং তৎপ্রতিকারার্থ জন্ম-নির্ম্পণের মতবাদ প্রচার দারা চমৎকৃত করিয়াছিলেন তিনিও কৌমার্যের পক্ষপাতী। মারাত্মক বিপদক্ষাল হইতে মানব জাতিকে সংবন্ধণার্থ সংসাহসের

প্রয়োজনীয়তাকে জীবনের মূলনীতিরূপে ম্যালথাসের মতবাদ গ্রহণ করে।
ম্যালথাস স্বয়ং বিশ্বাস করেন যে, সংসাহস বা স্থনীতির উৎক্র রূপ অর্থাৎ
বন্ধচিহাই বিবাহিত জীবনের জটিলতম সমস্যা সমাধানে সমর্থ।

কিন্ত হর্ভাগ্যবশত: ম্যালথাসের আধুনিক শিশ্বগণ ব্রহ্মার্থক নহেন। তাহারা পাশবিক প্রশ্রের অপরিহার্য ফল এড়াইবার জন্ম রাসায়নিক ও ক্রন্সেম উপায় অবলম্বন করিতে পরামর্শ দেন। ঐতিহাসিক ঘটনাবলী হইতে দেখা যায়, ব্রহ্মার্থ স্বেচ্ছাক্কত বা অনিচ্ছাক্কত হউক, সাময়িক বা জীবনব্যাপী হউক, মধ্যযুগে এবং উনবিংশ শতালী পর্যন্ত স্থদীর্ঘ কাল ইউরোপ এই সমস্মার সমাধানে যে অপূর্ব আলোকসম্পাত করিয়াছিল ভাহাতে আশ্চর্য্যের কোন কারণ নাই।

উত্বিংশ শতাদীর পূর্বে ফ্রান্সে ও ইংলণ্ডে প্রচলিত বা স্বেচ্ছাক্কত কৌনার্থের অভ্যান স্থচাক্ষরপে বিশ্লেষণ করা শিক্ষাপ্রদ হইবে। অভিজাত বংশসমূহে কৌনার্থের প্রথা বছল প্রচারিত ছিল। ভূমধ্যসাগরগর্ভস্থ মাণ্টা দ্বীপে এবং অস্থান্ত স্থানে বালক-বালিকা উভয়ের জক্ত ব্রহ্মচর্য-ব্রত্ত উপদিষ্ট ছিল। নিট্না নামী ব্রহ্মারিণী যে চিরকুমারী সংঘ প্রথতন করেন তাহাত্তেও ত্রিশ বংসর অবিবাহিত থাকার প্রথা প্রচলিত ছিল। যাহারা সেই ব্রত্ত-ভঙ্গ করিত তাহাদিগকে জীবস্ত কবর দেওয়া হইত। উক্ক কুমারীসংঘের ব্রত্তারিণীগণ অসাধারণ প্রভাব এবং ব্যক্তিগত সম্মানের অধিকারিণী হইতেন। রাজবংশের মহিলাবর্গের স্থায় তাহারা সাধারণতঃ সম্মানলাভ কবিতেন। বাজবংশের মহিলাবর্গের স্থায় তাহারা অগ্রসের হইরা তাহারা অগ্রসর হইতেন এবং উচ্চত্রম রাজপ্রতিনিধিও তাহাদিগকে পথ ছাড়িয়া দিতেন। উৎকৃষ্ট গাড়ীতে ভ্রমণের স্থথ স্থবিধা এবং আরাম তাহারা কথনো কথনো জোগ করিছেন। সাধারণ ক্রীড়াক্ষেত্রে তাহাদিগকে সম্মানস্টক স্থান দেওয়া হইত। তাহাদিগকে রাষ্ট্রীয় আইন মানিয়া চলিতে হইত না। বিশিষ্ট নাগরিকগণের স্থায় তাহারা মৃত্যুর পর নগরের মধ্যেই ভূগর্তে প্রোথিত

হইতেন। রাজকীয় অমুগ্রহ প্রদানে তাহারা সমর্থ ছিলেন। কোন অপরাধীকে বধ্যভূমিতে যাইবার পথে তাহারা দেখিলে অপরাধীর জীবন রক্ষিত হইত। দক্ষিণ আমেরিকার পেরুদেশের পুরোহিত্তগণ স্থাকুমার নামে অভিহিত হইতেন। তাহারা কোন অনৈতিক আচবণে লিগু হইলে জীবস্ত সমাধির শান্তিভোগ করিতেন। বৌদ্ধ সংঘ শ্রমণরুদ্দের উপর কঠোর ব্রহ্মচর্য ব্রত্ত বিধান করিয়াছিল। ব্রহ্মচর্য-ব্রত্ত ভক্ষ করিলে শ্রমণগণ সংঘ-চ্যুত এবং কাষায়-বর্জিত হইতেন। দার্জিলিংএ তিব্বতীদের একটি স্বর্হৎ উপনিবেশ আছে। তাহাতে কয়েক শত তিব্বতী কুলীর কাজে নিষ্কু ছিল। তিব্বতে লামা-ব্রত ভক্ষের জন্ত যে কঠোর শান্তি প্রচলিত ছিল তাহা হইতে নিম্কৃতিলাভার্থ লামাগণ তিব্বত হইতে গোপনে পলায়নপূর্বক উক্ত উপনিবেশে কুলীর কাজ করিতেন। বৌদ্ধ সন্ধ্যাসীগণের তিব্বতীয় সংঘে ব্রহ্যুত লামাগণ রাজপথে অপমানিত হইতেন এবং হাতে হাতে ধরা পড়িলে দৈহিক শান্তি ভোগও করিতেন এবং সংঘ-চ্যুত হইতেন।

প্রাচীন ভারতে ছাত্রজীবনে বালক-বালিকা উভরের জন্মই বন্ধচর্য্য পালন বাধ্যকর ছিল। এমন কি, প্রায় ছই হাজার বংসর পূর্বে প্রীপ্রপূর্ব তৃতীয় শতান্ধীতে সমাট চক্রগুপ্তের রাজত্বকালে ভারতীয় ছাত্র-ছাত্রীগণ ৩৭ বংসর বয়স পর্যান্ত বন্ধচর্য্য পালন করিত। ট্রাবোর মতে মেগান্থিনিস লক্ষ্য করিয়াছেন যে, ভারতীয় ছাত্র-ছাত্রীগণ গার্হত্ব্য আশ্রমে যোগদানের পূর্বে ৩৭ বংসর পর্যান্ত বন্ধচারী-ব্রন্ধচারিণীরূপে গুরুগৃহে বাস করিত। এমন কি, রাজকুমারগণও ছাত্রজীবনে ব্রন্ধচারীরূপে গুরুগুলে শাক্তিনে। প্রীরুক্ত শ্বরং বাল্যকালে উহার সদগুরু সন্দীপন মুনির গৃহে নিবাস পূর্বক ব্রন্ধচর্ষ পালন করেন।

প্রাচীন হিন্দু সমাজে বালকদের স্থার বালিকাদেরও উপনয়ন হইত। অনস্থর তাহারা বেদধ্যায়ন ও হিন্দুধর্মে দীক্ষালাভ করিত। ঋতুকাল না আসা পর্যান্ত তাহারা ব্রহ্যারিণী থাকিত। গোড়া শ্বতিকারগণ কত্ ক ইহা মুক্ত কঠে স্বীকৃত। প্রাচীন হিন্দু সমাজে যে অবস্থা বিশ্বমান ছিল তাহা যম স্বৃতির নিম্নোদ্ধত শ্লোকে উত্তমরূপে প্রতিধ্বনিত।—

> পুরাকলে কুমারীণাং মৌঞ্জীবন্ধনমিয়তে। অধ্যাপনঞ্চ বেদানাং সাবিত্রীবচনং তথা॥

অহবাদ—প্রাচীন কালে কুমারীগণের মৌঞ্জীবন্ধন অর্থাৎ উপবীত-ধারণ হইত। তাহারা সাবিত্রী (গায়ত্রী) মন্ত্র জপ এবং বেদাধ্যয়ন ও বেদাধ্যাপনা করিত।

স্থতাং প্রাচীন কালে কুমারীরা বেদের অধ্যয়ন ও অধ্যাপনা হুইই করিত। প্রাচীন সাহিত্য পাঠে জানা যায়, পুরুষদের স্থায় মহিলারাও বৈদিক যজের व्यक्षीत निवृक्त श्रेटिन। द्वामाय्याद विखीय काए व्याह्न, कोनना একাকিনী স্বন্ধি যাগ অমুষ্ঠান করেন। উল্লিখিত মহাকাব্যের দ্বিতীয় ও পঞ্চম কাণ্ডে লিখিত আছে যে, সীতা পুরুষের ন্যায় প্রাতঃক্বত্য ও সাদ্ধ্যক্বত্যাদি নিতাকর্ম অভ্যাস করিয়াছেন। এমন কি. জৈমিনিও বাদরায়ণের বাকোদ্ধতি-পূর্বকদেখাইয়াছেন, বৈদিক অম্প্রানেপুরুষের স্থায় নারীর সমান অধিকার ছিল। উক্ত স্বীকৃতি দারা স্বতঃই প্রমাণিত হয়, তাহারা পুরুষদের ক্যারবেদপাঠ করিতেন এবং উপবীত হইতেন। কাশী হিন্দু বিশ্ববিত্যালযের অধ্যাপক ডাঃ আদ্টেকর তাহার পাণ্ডিত্যপূর্ণ ইংরাজি গ্রন্থ "হিন্দু সভাতার নারী"তে সত্যই মন্তব্য করেন, "প্রায় এট্রীয় অন্দের প্রারম্ভ পর্যান্ত ভারতে মহিলারা এই ধর্মীয় স্থবিধা ভোগ করিবাছিলেন। কিন্তু ক্রমশঃ পরিবর্তন আসিতে লাগিল। সায়নাচার্ধ্য পরাশর সংহিতার যে টীকা রচনা করিয়াছেন তাহাতে উদ্ধৃত হারিত সংহিতার লোকাবলীতে (২০।২৩) পাওয়া বাহ, উপনহনাস্তে কয়েকজন এমবাদিনী গভীরভাবে বেদাধ্যরন করিয়াছিলেন এবং সভবধুরা বিবাহের অব্যবহিত পূর্বে এই অম্প্রান সম্পন্ন করিতেন। অনেকের মতে হারিত সংহিতার উৎপত্তিকাল এইপূৰ্ব পঞ্চম শতক। স্থতরাং উক্ত প্রথা অতি প্রাচীন। ব্ৰহ্মবাদীরা অবিবাহিত থাকিতেন এবং সাধু জীবন যাপন করিতেন। ক্ষেক শতক পরে মহ সংহিতা (২০৬৫) বেদমত্র উচ্চারণ ব্যক্তীত নারীর পক্ষে উপনয়ন অফ্রচান বিধান দিলেন। আবো পরবর্তী কালে এট্রীয় দিতীয় শতকে যাজ্ঞবন্ধ্য প্রমুখ শ্বতিকারগণ অধিকতর সহজ সরল অথচ দোষনীয় পরা অফ্রসরণ করিলেন। তাহারা নারী জাতিকে উক্ত অধিকার হইতে একেবারে বঞ্চিত রাখিলেন। এই সম্পর্কে ইহা জ্ঞাতব্য যে, প্রাচীন বৈদিক আর্ব্যদের এক শাখা পাশাদের মধ্যে উপনয়ন ও বেদাধায়ন প্রথা অভাপি প্রচলিত। পাশারা ধর্মগুরু জোরোয়ান্ডারের মতাম্বর্তী হইরা এখনো এই বৈদিক প্রথা বর্জন করেন নাই।

প্রাচীন সংস্কৃত সাহিত্যে বন্ধবাদিনী নাম স্থবিদিত এই প্রসঙ্গে বুহদারণ্যক উপনিষদোক্ত গার্গী; মহাভারতোক্ত স্থলভা, রামায়ণোক্ত শবরী প্রমুখ চিবকুমারীদের নাম উল্লেখযোগ্য। মন্ত প্রভৃতি শ্বতিকারগণ এমন কি বিবাহিত জীবনেও কঠোর ব্রহ্মচর্ষোব বিধান দিয়াছেন। পরিণীতা দম্পতীর পক্ষে নারী গর্ভবতী না হওয়া পয়স্ত ঋতুকালের পরে প্রত্যেক মাসে একবার মাত্র যৌন সম্ভোগ বিহিত। ঠাকুর শ্রীরামকৃষ্ণ বলিতেন, "হই একটি সম্ভান লাভের পর বিবাহিত দল্পতী ভাই-বোনের মত থাকিবেন।" বর্তমান জগৎসমক্ষে তিমি দেখাইয়াছেন, বিবাহিত জীবনে অখণ্ড ব্ৰহ্মচৰ্য্য পালন সম্ভব। তৎশিশ্ব গৃহী সাধু তুর্গাচরণ নাগ এবং সন্ন্যাসী মহাপুরুষ শিবানন্দ প্রভৃতি উক্ত আদর্শের জনন্ত দৃষ্টান্ত। এই আদর্শ প্রদর্শনার্থ ই যেন শ্রীরামকৃষ্ণ পর্মহংস বিবাহ সংস্কার বরণ করিলেন। তাঁহার পরিণীতা পত্নী সার্দামণি দেবী যথন তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, "আমাকে ভোমার কি মনে হয় ?" তত্তত্ত্বে শ্রীরামক্বফ বলিয়াছেন 'যে মা মন্দিরে বিরাজিতা, যে মা এই দেছের জন্ম দিয়াছেন, তোমার মধ্যে তাঁকেই দেখুছি। তোমাকে সাক্ষাৎ জগদম্বার कौरछ প্রতিমারপে দেখি।" বুহদারণাক উপনিষদে আছে, ঋষি যা**জব**দ্ধা পদ্মী মৈত্রেরীকে বলিরাছেন, "ন বা অরে মৈত্রেরি, পড়াং কামার পতিং প্রিরো ভবতি, আত্মনম্ভ কামার পতি: প্রিরো ভবতি।" অর্থাৎ অরে নৈজেরি, পতির অস পতি পত্নীর প্রিয় হর না। বে পরমাত্মা পতি ও পত্নী

উভরের অন্তরে সমভাবে বিরাজিত তাঁহার তক্তই পতি পত্নীর বা পত্নী পতির প্রিয় হয়। দাম্পত্য প্রীতির এই নিগৃঢ় তত্ত্ব অবগতি ব্যতীত দৈহিক সম্পর্ক অতিক্রম করা যায় না।

হিন্দু ঋষিদের মতে পরিণয় একটা পুণ্য অফুষ্ঠান। স্বভরাং হই একটা সম্ভানের জনক বা জননী হওয়াই শাস্ত্রবিধি। সেই জন্ত শাস্ত্রমতে প্রথম সস্থান ধর্ম'জ এবং পরবর্তী সস্থানগুলি কামজ। ভগবান মহু বলেন, "যে সম্ভান বংশগৌরব বুদ্ধির জন্ম প্রার্থনা ও তপস্থার ফলে জাত হয় সে আর্য্য এবং অক্তাক্ত সস্তান অনার্য।" ইউরোপীয় ইতিহাসে ঐরপ প্রচেষ্টার স্মরণীয় উদাহরণ পামাইবার রাণী ইজনোবিয়া। তিনি তাঁহার সৌন্দর্য্য ও শক্তির জক্ত সমভাবে প্রখ্যাত ছিলেন। তাঁহার সম্বন্ধে অমর ঐতিহাসিক গিবন মস্তব্য করিরাছেন, "বংশরক্ষার্থ সন্তান লাভের উদ্দেশ্য ব্যক্তীত তিনি কথনো তাহার পত্তির সহিত আলিক্সন গ্রহণ করেন নাই। यদি তাঁহার আকাঞা ব্যর্থ হইত তবে পরবর্তী মাসে পুনরায় একই পরীক্ষাই তিনি অগ্রসর হইতেন এবং অচিরে সাফল্য লাভ করিতেন।" আধুনিক ভারতীয় হিন্দুসমাজে চিব্ৰ কুমারীর সংখ্যা নগণ্য বলিলেই চলে। এখানে ওখানে যে অল্প কয়েক জন আছেন ভাহার। দেশের সামাজিক জীবনে প্রভাব বিস্তারে আক্ষম। কিছ ইউরোপে বা আমেরিকায় শত শত নারী চির কৌমার্গ সাধারণ ধর্মরপে দাবী করিয়া থাকেন। মন্টেগাজার মতে ব্রহ্মচর্য্য-এতে দীক্ষিত হওরা মাহবের পকে সহজ ও স্বাভাবিক। ফেরে মস্তব্য করেন, "বাহারা ভাব-শুদ্ধি সংবৃহ্ণণে সমর্থ তাঁহারাই ব্রহ্মচর্য্য-ব্রত গ্রহণের যোগ্য।" বলেন. ''চিস্তাশীল ব্যক্তিগণের বিবেচনার লোকে ধর্মীয় সংঘমকে যত কষ্টকর মনে করেন তদপেকা ইহা শতগুণে স্বাভাবিক।" সর্ব কালে ও সর্বদেশে ष्माना नवनावी (मथा याव, याशवा ष्यथ् बन्नवर्ग-बठ भागत जीवन उरमर्ग कविवाहिन। श्रीक शहिबाशावान-शही. हेहही ७ अरमित्पद मरश बक्षहर्या বতীর সংখ্যা অল নহে।

#### <u>—चार्छ—</u>

## প্রজননে শক্তিক্ষয়

আমেরিকার চিকাগো শহর হইতে একটি ইংরাজী মাসিক পত্রিকা বঙ পূর্বে প্রকাশিত হইত। ১৯২৬ খুঠানের মার্চ মানে উক্ত মানিকে উইলিয়াম লফ্টাস হেয়ার প্রজনন ও পুনব্দীবন সহলে একটি গবেষণাপূর্ণ প্রবন্ধ লিখিয়াছিলেন। উহাতে তিনি ব্ৰহ্মচৰ্য্যের দৈহিক প্রয়োজন সম্বন্ধে বিশাস-राशा पुक्ति निम्नोहित्नन। जिनि निर्मं पन रव प्लरहत्र व्यविञ्क स्रोव-কোষগুলি যুগপৎ ছুইটি কাৰ্য্য সম্পন্ন করে—শরীর গঠনার্থ আভ্যন্তরীণ পूनर्जी रन এবং বংশবকार्थ राष्ट्रिक श्रव्यनन। श्रामी विख्यारनव प्रारमारक ठिनि चढेनामि উলেপপুর্বক প্রমাণ করিয়াছেন, প্রভ্যেক ব্যক্তির পক্ষে সঞ্জীবনী শক্তিলাভ স্বাভাবিক, প্রয়োজনীয় ও প্রাথামিক। জীবকোষের আধিক্য **टिकु প্रजननी मिक्कि क्रियामील ह्या। ऋड्याः हेहा माध्यमिक। এই ছ**हे শক্তি ঘনিষ্ঠভাবে পুষ্টির উপর নির্ভর করে এবং যদি পুষ্টি অল্ল হয় তাহা हरेल উভরশক্তি ক্ষীণ हरेया পড়ে। অনন্তর হেয়ার সাহেব বলেন, "এই क्रिंगि की तरकाय खिला के अधे विक बाबि के बाबि के बीवन-नी कि विदः প্রজননকে অপ্রয়োজনীয় বা অবাস্তর নীতি বলিলে অত্যক্তি হয় না। পুষ্টির অমতা আধুনিক নরনারীর জীবনে অতি ব্যাপক। স্থতরাং পুনঞ্চীবনকে প্রাথমিক স্থান দেওয়া এবং প্রজননকে স্থগিত বাথা একান্ত কর্তব্য। এই ক্লপে আমরা জননেজিয়ের সংযম শিক্ষা করিতে পারিব এবং পরিশেষে थीरत थीरत हित्रकोमार्य अथे बक्कार्य छेननीठ रहेव। जेता, नाथि ও মৃত্যুর বিনিময়েও আভ্যন্তরীণ প্রজনন বন্ধ রাধা যায় না। গর্ভাধান হইতে আরম্ভ করিয়া ক্রমিক বৃদ্ধির প্রত্যেক মুহর্তে পুনর্জীবনের এই বর্ধমান

শক্তি প্রকটিত হয়। যদি পুনর্জীবন বা পুনর্গঠন বিরত থাকে বা অপূর্ণভাবে চলে তাহা হইলে অকাল বার্ধক্য, ছরারোগ্য ব্যাধি বা প্রাণহানি বটে।"

প্রজননের প্রকৃত নাম অকাল মৃত্যু। যৌন মৈণ্ন মৃলতঃ প্রবের পক্ষেক্ষরকর এবং গর্ভধারণের পরে নারীর পক্ষেও ইহা প্রাণহর। সেইজল উক্ত চিন্তালীল লেখক দৃঢ়প্ররে ঘোষণা করেন যে, দৈহিক সামর্থ্য, জীবনীলজি এবং রোগ-রাহিত্য ব্রহ্মচারী ব্যক্তিগণের ভাগ্যে প্রতঃই উপস্থিত হয়। ইহার প্রমাণস্বরূপ একটি অপ্রীতিকর বৈজ্ঞানিক পরীক্ষার কথা তিনি উল্লেখ করিয়া-ছেন। স্বান্থাহীন ব্যক্তিগণের দেহে কৃত্রিম উপায়ে শুক্ত ইন্জেক্সান দিয়া বছ কৃত্রিন রোগ আরোগ্য করা হইয়াছে ও হইতেছে। প্যাট্টক গেডিস 'যৌন বিকাশ' নামক তাঁহার প্রসিদ্ধ গ্রন্থে লিখিয়াছেন—"পুনর্জনন ও অকালমৃত্যু বাত্তবপক্ষে সাধারণতঃ একার্থক হইলেও প্রচলিত ভাষার ইহা ভিন্নভাবে কথিত হয়। ইতিহাসের আলোকে বলিলে বলিতে হয়, মরিতে হইবে বলিয়া পশুরা প্রজনন করে ইহা সত্য নহে। কিন্তু ভাগারা প্রজনন করে বলিয়াই শীক্ষ মরে।" জার্মান মনীয়ী গ্যেটের বাক্য উক্ত মত সমর্থনে উল্লেখ করা যাইতে পারে। গ্যেটে বলেন, মৃত্যু প্রজননকে স্টিত করে না; কিন্তু মৃত্যুই প্রজননের অবশ্রভাষী পরিণাম। শরীর তত্ত্বের দৃষ্টিভঙ্গীতে বলা যায়, দৈহিক সৃষ্টি বন্ধ হইলে পরমার্থিক সৃষ্টি বা ধর্মীয় অভিজ্ঞতা আরম্ভ হয়।

জীবতব্বিদ্গণ বলেন, নিয়তর শ্রেণীর প্রাণিগণ কতৃ কও ব্রহ্ম গালিড
হয়। দৃষ্টাস্তম্বরূপ বলা ষাইতে পারে, গৃহপালিত গবাদি পশুরা মায়য় অপেকা
অধিকতর সংযত। সামাক পর্ববেক্ষণ দারা এই ঘটনা গৃহে গৃহে লক্ষ্য করা
যার। ইহার কারণ এই যে, সহজাত প্রবৃত্তির বলে জিহবার উপর গবাদি
পশুর সম্যক্ সংযম আছে। কিন্তু সেই সংযম সহজাত, স্বেচ্ছাক্ত নয়। তাহারা
ঘাস-থড় খাইয়াই বাঁচিয়া থাকে এবং এই খাছও ভাহারা ততটুকু খায় বতটুকু
ক্রিবৃত্তি বা দেহরক্ষার জন্ত প্রয়োজন। লাটিন লেখক জে বিবার্গ বলেন,
"কন্তক্সতে জননেন্দ্রিয় অধিকাংশ দেহে প্রকৃতির ধারা ক্রপ্ত, বেন তাহারা

ইহা কাহাকেও কেথাইতে সজ্জাবোধ করে !" একদা সীমান্ত প্রদেশের ভূতপূর্ব দেশনায়ক আবহুল গকর থান মহাত্মা গান্ধীর নিকট এই মন্তব্য করিরাছিলেন বে, বন্ধতঃ উপজাতির নিকট বন্ধচর পালন অভিশর স্বাভাবিক। বিবাহের বাহিরে তাহারা বৌন সংব্যে অভ্যন্ত। তাহাদের স্ববিদিত কটুসহিষ্ণ্তা ও শক্তিসামর্থ্যের কৌশল প্রধানতঃ তাহাদের সংব্ত জীবনে, স্বাস্থ্যুকর আবহাওয়ার অবস্থানে এবং মৃক্তবায়ুতে জীবনযাপনে। উপজাতির নরনারীয়া পূর্ব বন্ধসে পরিণীত হয়। তাহাদের মধ্যে অবিশ্বতা, ব্যভিচার, বা অবৈধ প্রেম অজ্ঞাত বলিলেই চলে। তাহাদের নিকট বিহিত পরিধির বাহিরে বৌন মিলনের শান্তি মৃত্যু। অভ্যায়কারীর প্রাপ্-হত্যা করিবার অধিকার ক্ষতিগ্রন্থ ব্যক্তির পক্ষে সর্বদাই থাকে।

সর্বণাত্ত, মহাপুরুষগণ এমনকি আধুনিক সমাজ সংস্কারক ও চিন্তাশীপ ব্যক্তিগণ সকলেই ভ্রন্তর্য্য বা ৰীর্য্য সংবক্ষণের মহিমা কীর্তন করিরাছেন এবং কুলর স্বাস্থ্য, দীর্ঘ জীবন ও অপার আনন্দ লাভের উপার রূপে প্রচার করিরাছেন।

### भार्षिननूथात्त्रत बन्नहर्या विरवय

সব ধর্ম গুরুর মধ্যে একমাত্র মার্টিন লুধারই ব্রহ্ম হর্যা-বিবেরী ছিলেন। ডিনি বলিতেন, "যদি ব্রহ্ম গালন করা সম্ভব হয় তবে জ্রীলিক বা পুংলিক ত্যাগ করাও যায়।" ল্থার ছিলেন প্রোটেট্যান্ট (প্রতিবাদী) জ্রীপ্রান ধর্মের প্রতিষ্ঠাতা এবং গির্জান্থমোদিত বাধ্যতামূলক কৌমার্য বা ব্রহ্মচর্যের চির-শক্ষ। সেই বস্তু লায়দক্ত ভাবেই তিনি নর-নারী উভয়ের পক্ষেই বহু বিবাহ প্রথা প্রচলনে বাগী হন। প্রাদির ধর্মসমূহের মধ্যে কেবল প্রোটেটান্ট ধর্মমন্তই ত্যাগ, তপক্ষা ও সংযমের প্রতি বিবেষ বোষণা করিয়ছেন। লুধারের এই বিবেষ দখনে জার্মাণ দার্শনিক সোপেনহাওরার মন্তব্য করেন, "ইহা দার্শনিক মতের মূলনাভিগুলির সহিত সম্পূর্ণ অসমঞ্জন্ত।" উক্ত দৃষ্টিভালীর আলোকে প্রোটেটান্ট প্রিরাধর্ম্ম উহার সিদ্ধান্ত পরিবর্তন করিতে বাধ্য হইবে, নচেৎ ক্রনপ্রিক্রা হ্রাস এবং পরিশেষে অবলুপ্ত হইবে।

মানব প্রাকৃতির স্থাভীর বিশ্লেষক করেরটার বলেন, "মানব সমাজই জগৎ অপেকা উচ্চতর ধর্মভিন্তি চাহিরাছিল। বেরপ অভ্যাস ইহার স্বাভাবিক ও সাধারণ জীবনের সমভূমির অভিশ্র নিকটবর্তা ভাহার সম্বন্ধে কিছু বক্তব্য নাই। সকল ধর্মগুরুষণ তৎতৎ পদাহপ বিখাসীদের সম্মুপে কঠোর আদর্শ ও নিম্নতর প্রকৃতি বিজয় রাথিয়াছেন। আত্মমুক্তির উদ্দেশ্তে পাশব প্রবৃত্তির উর্ব্বে উঠিতে মাহবকে তাহার। বতটুকু সাহায্য করিরাছেন ততটুকুই তাহারা মানবমনকে পরাত্ত, তাহাদের ইচ্ছাশক্তিকে প্রভাবিত এবং ভাহাদের হৃদয়দে উদারভাবে পরিপূর্ণ করিরাছেন।"

বত্তদিন বোমীর ধর্ম জীবস্ত ও জাগ্রত ছিল তত্তদিনই উহা সাধক-সাধিকাদের জীবন দিব্য দীপ্তিতে যতিত করিত। তৎকালে রোমীয় সাধক-সাধিকাদিগের পবিজ্ঞতা দেবভাদিগকেও পরিত্থ করিত। মার্কিণ বুজুরাল্য ও গ্রেট ব্রিটেনের প্রোটেট্যাণ্ট গির্জাসমূহের মধ্যে বিগত শতকে ধর্ম সংস্কারের যে সকল প্রচেষ্টা হইরাছে তাহাতে চির কৌমার্থের বা ব্রন্ধচর্থের ধর্মবূল্যের ক্রমবর্ধমান প্রশংসা দেখা যার। ক্যাথলিক গির্জা জন্মকাল হইতেই কৌমার্থকে ধর্মজীবনে সর্বোচ্চ হান দিরাছে এবং উহার ভক্তগণকে চির কৌমার্থের সামাঞ্জিক মূল্য দিতে শিক্ষা দিরাছে। মানব জাতির ধর্মগুরুদের ইহাই নিশ্চিত সিদ্ধান্ত যে, ধর্মোন্নতির পক্ষে যৌন সংযম সম্যক্ প্রয়োজন। অধ্যাত্ম সাধনার মন্তিক ও সায়্যগুলীর যে ক্লান্তি হর তাহা সহ্য করিতে হইলে বিপুল স্বাস্থ্য ও শক্তির প্রয়োজন হর। ইহা বীর্যধারণ ব্যতীত অক্স উপারে লভ্য নহে। দেহের স্বাস্থ্য ও মনের হৈর্য্য লাভের জক্ত ব্রন্ধচর্ম ক্ষা অবশ্রই কর্তব্য। সমুচ্চ আধ্যাত্মিক অহত্তি আসিলে শরীর ভালিয়া পড়ে এবং স্বান্থবিক দৌর্বল্য, স্বান্থ্যভল ও দ্বারোগ্য ব্যাধি জন্মে। এভব্যতীত পরমার্থ সত্যের উচ্চতর অভিব্যক্তি অহভবার্থ অত্যন্ত ক্ষম ও সংবেদনশীল স্বায়্ সক্রির হয়। বীর্যধারণ না করিলে স্বায়্মগুলী বিশুক, তুর্বল ও নিক্রিয় হইরা যার।

ছাত্রছাত্রীগণ, স্বাস্থ্যাঘেরীগণ, এমনকি বিবাহিত ব্বক যুবতীগণ বীর্থ ধারণকে জীবনের মূলভিত্তি না করিলে স্বাস্থ্য, স্বার্, স্বথ প্রভৃতি লাভ করিতে পারিবে না।

অবন্ধচারীর পক্ষে উচ্চতর আধ্যাত্মিক অমৃত্তি লাভ অসম্ভব। সেইজ্ঞাই জগতের সমন্ত ধর্ম সম্প্রদার কর্তৃক বন্ধচর্য কোন না কোন আকারে অধ্যাত্ম জীবনের ভিত্তিরূপে স্বীকৃত।

### শরীর বিজ্ঞান ও মনস্তত্ত্বের আলোকে ব্রহ্মচর্য্য

পাশ্চাত্য চিকিৎসা-শাস্ত্র অমুসারে স্থান্থ সবল যৌন গ্রন্থি ছারাই দৈছিক শক্তি ও দীর্ঘ জীবন লাভ হয়। যথন এই সকল গ্রন্থি সম্যকরণে ক্রিয়াশীল থাকে তখন সেইগুলি হইতে যে আভ্যন্তর রস নি:স্ত হয় তাহাই সজীব তন্ত্র, বিশেষতঃ মন্তিক্ষ-কোষ ও মেক্লদগুকে সঞ্জীবিত ও শক্তিশালী করে। চির কুমার ব্রন্ধচারীর জীবন প্রকৃতপক্ষে ইহাই প্রমাণিত করে যে, বীর্যধারণ ছারাই এই সকল গ্রন্থি আহ্যবান ও সক্রিয় থাকে। মার্কিণ জন্ম-নিয়ম্রণ আন্দোলনের অগ্রনায়ক মার্গারেট ভালার এবং প্রসিদ্ধ মার্কিন চিকিৎসক ডাঃ ম্যাক্সাট্ন বোদাইয়ের প্রীযোগেল্রের সহিত যোগ-বিজ্ঞান সম্বন্ধে অলোচনাস্থে মৃক্ত কণ্ঠে স্বাকার করিরাছেন যে, যদি সহজ্ঞসাধ্য হয় তবে বীর্যধারণের যৌগিক প্রণালাই সর্ব প্রকার জন্ম-নিয়ম্রণ সম্প্রার সম্যক্

১৯২২ ঞ্রীঃ লগুনে আন্তর্জাতিক জন্ম-নিরন্ত্রণ মহাসভার যে অধিবেশন হর তাহাতে বিভিন্ন দেশের ১৬৪ জন প্রাসিদ্ধ ডাক্তার উপস্থিত ছিলেন। উহার গর্ভ-নিরোধ প্রণালী শাধার মাত্র ডিনজন ব্যতীত অক্সাক্ত সমস্ত ডাক্তার ঘারা এই সিদ্ধান্ত গৃহীত হর যে, উৎকৃষ্ট গর্জ-নিরোধ প্রণালীর ঘারা যে বন্ধ্যান্ধ বা স্বাস্থ্যভক্ষ হর না ভাহার বিরুদ্ধে কোন বিখাসযোগ্য প্রমাণ এখনো পাওরা যার নাই। যে জিন জন যৌন ভাবসমর্থক ডাক্তার এই সিদ্ধান্ত সমর্থন করেন নাই তাহাদের সংকীর্ণ মনোভাব স্কুম্পন্ত হইরাছে। মাকিণ সামাজিক স্বাস্থ্য সভ্জের অন্তর্ভুক্ত জনেক সন্ধ্রপ্রতিষ্ঠ ডাক্তার ও বৈক্রানিকের মতে যৌন সংযম স্বাস্থ্যকর ও উপকারী। ডাঃ জালেক্সিদ

ক্যাবেল বলেন, যাহারা ইতোমধ্যে অব্যবন্থিত চিন্ত এবং কামাণি রিপুকে খেছার প্রশ্নর দেন তাহারা ব্যতীত অন্ত কাহারো নিকট যৌন সংযম আন্ইকর নহে।
মহাত্মা গান্ধী সভাই বলেন, ইন্দ্রির পরিত্থির উদ্দেশ্যে যৌন ক্রিয়া মানবের পশুত্ব-প্রাথি ব্যতীত অন্ত কিছু নহে। স্থতরাং নিজেকে ইহার উর্দ্ধে উত্থাপনই মান্থবের প্রথম কর্তব্য।" মান্থব মৈথ্নত্যাগে বহুটুকু সমর্থ তহুটুকুই সে পশু অপেক্ষা উৎকৃষ্ট। কারণ পশু মৈথ্ন ত্যাগে সম্পূর্ণ অসমর্থ। গর্জ-নিরোধের কোন কোন পক্ষপাতি ব্যক্তি মনে করেন যে বিমৃত্ ও উন্মন্ত ব্যক্তি ব্যতীত অন্ত কাহারো নিকট যৌন প্রশ্নর জীবনের মূল নীতি হইতে পারে না।

কামাদি রিপু উপভোগের ঘারা কথনো নিবৃত্ত হয় না। ইংরাজ মনীযী সি. ই. এম. জোয়াড সভাই বলিয়াছেন, "ইল্লিয়-ছ্পংকে যদি তোমার জীবনের চরম লক্ষ্য কর, এমন সময় আসিবে যথন আর কোনো কিছুই তোমাকে তৃপ্ত করিবে না।" মহাভারতের আদি পর্বে (৭০ অধ্যায়ে) বণিত আছে রাজা যযাতি অপুত্র পুরুর যৌবন লইয়া প্রায় এক হাজার বৎসর ইল্লিয় হ্পথ ভোগ করেন এবং অবশেষে আভ্যাঘিত হইয়া অহভব করেন যে, তাঁহার ভোগেছা বিলুমাত্রও পাঁহতৃপ্ত হয় নাই, বরং ইহা দাবাধিয় মত শত ভণে বাড়িয়া উরিয়াছে। তথন তিনি তৎপুত্রকে বলিলেন—

ন আতু কাম: কামানামূপভোগেন শাম্যতি। হবিষা ক্ষমবন্ধে ব ভূম এবাভিবৰ্ধতে॥ বংপ্ৰিব্যাং ত্ৰীহিৰ্যবং হিৱণ্যং পশ্ব: জিয়:। একজাপি ন প্ৰ্যাপ্তং ভশ্বাৎ তৃষ্ণাং প্ৰিত্যবেৎ॥

অম্বাদ—কদাপি কানীদের কামনা উপভোগ ছারা প্রশমিত হয় না।

মৃত ছারা যেমন অগ্নি পুনরায় বর্ষিত হয় তেমনি কাম রিপু ভোগ ছারা

বৃদ্ধিপ্রাপ্ত হয়। বছপূর্ণা পৃথিবীতে বত ত্রীহি ও যবাদি শক্ত, অর্থ পশু ও জ্বী

আছে তাহারা এক জনের ভোগের জন্তও পর্যাপ্ত নহে। কামনার শেব নাই
বৃদ্ধিয়া ভোগতৃকা পরিত্যাগ কর এবং শমগুণ অবস্থন কর।

#### পঞ্চতৰে আছে—

নীৰ্ব্যন্তে লীৰ্যন্ত: কেশা: দন্তা: লীৰ্যন্ত লীৰ্যন্ত: । জীৰ্যন্তক্ষকৃষী শ্ৰোত্ৰে ভূফিকা ভক্ষণায়তে॥

অহবাদ—জীর্ণ কেশরাশি আরও জীর্ণতা প্রাপ্ত হয়। জীর্ণ দন্তপংক্তি আরও জীর্ণ হয় এবং জার্ণ চক্ষু ও কর্ণ সমুদর অধিকতর জীর্ণ হইতে থাকে। কিন্তু একমাত্র বিষয়-তৃষ্ঠাই চিরতক্রণ থাকিয়া যায়।

মহাত্মা গাকী বলেন, গর্ভনিরোধ প্রণালী বারা জন্ম-নির্মণ জাতীর আত্মহত্যার নামান্তর মাত্র। ক্বজিম উপারে গর্ভনিরোধের চেষ্টা গোহত্যার পরিবর্তে জ্তা দান করার তুল্য। উহা বারা নরনারী উচ্ছুখল হয়। ইপ্রিম্ন সংযমই জন্মহার হ্রাসের একমাত্র স্থানিশিত উপায়। কারণ ইহা বাক্তি ও সমষ্টির পক্ষে শেরতর। মহাত্মা গান্ধী মন্তব্য করেন, আলত্ম, থিট্থিটে মেজাল, সন্মাসরোগ অকাল বার্ধক্য এবং এমন কি, উন্মন্তভার অধিকাংশ কারণ বন্ধচর্যের অভাব। লান্তিবশতঃ ব্রন্ধচর্যকে কেহ কেহ উহাদের কারণ বলিয়া অনুসান করেন।

আধুনিক বিজ্ঞানের পরীক্ষিত প্রমাণ অথও ব্রন্ধ হব বিরোধী। পণ্ডভাবাপর নরনারীদিগকে ব্রন্ধচর্ব্যাপালনে যথন বাধ্য করা হয় তথনই বৈজ্ঞানিক প্রমাণ অনেক ক্ষেত্রে সত্য হয়। তজ্ঞপ জৈবপ্রবণতাবিশিষ্ট্র মাহ্মম বৌন প্রবৃত্তির উচ্ছেদ্ব সাধনে অসমর্থ হয়। সেই জয় তাহাদের স্নায়্মগুলী বিবাক্ত এবং বৌন গ্রন্থি জরাগ্রন্থ হয়। ইহার কলে, কাহারও অকাল বার্ধক্যও ঘটে। ইহাও সভ্য বে, বিবাহিত জীবনে সংমম থাকিলে দীর্থ জীবন ও নীরোগ স্বাস্থ্য লাভ হয়। নিঃসন্দেহে ইহাই অধিকাংশের পক্ষে উপবোগী। এমন কতকগুলি বৌগিক প্রক্রিয়া আছে বেগুলি অভ্যাস করিলে বৌন গ্রন্থিগুলির নিঃস্ত রস্মাক্তির না হইয়া রক্তে মিজিত হয় এবং এইয়পে তথা-ক্ষিত অনিষ্ট দ্রীভূত হয়। বোঘাইর স্বামী কুবলয়ানন্দ বৈজ্ঞানিক পরীক্ষা হায়। প্রমাণিত করিয়াছেন বে, সিদ্ধাসন, সর্বান্ধানন, গোরন্ধাসন প্রভৃতি বৌগিক ব্যায়াম হায়া

উক্ত কার্য সম্যক্ রূপে সম্পন্ন হয়। \* সমাজের অস্ততঃ মৃষ্টিমের নরনারী খৌনবেগ হইতে সম্পূর্ণ মৃক্ত। স্পষ্টতঃ তাহারা অথও ব্রশ্বচর্যের স্থানাগ্য অধিকারী এবং তাহারাই ব্রশ্বচর্যের স্থলনী শক্তির প্রভাব অঞ্ভব করেন। মনোবিল্লেবণের ভাষায় কামভাবের রূপান্তর সাধনই ব্রশ্বচর্যের বিচার্য বিষয়। নানা দেশের ধর্মপন্থীগণ কামদমনের শত শত কার্য্যকরী সরল উপায় আবিকার করিয়াছেন। সমাজের সংখ্যালঘু অপ্রকৃতিত্ব ব্যক্তিগণ ব্যতীত অধিকাংশ নরনারীই স্বীকার করেন, আমরা যতই বীর্যধারণ করি ততই আমাদের শারীরিক ও মানসিক স্বাস্থ্য ভাল হয়। যতই আমরা যৌন চিস্তাকে প্রশ্বর দিই ততই আমাদের জীবন ও স্বাস্থ্য ধ্বংসপ্রেধ চালিত হয়।

যাহার কথনও বীর্যক্ষর হরনি, এমনকি স্বপ্নেও শুক্ত ক্ষরনি, তিনিই উর্দ্ধরেতা, বেমন শুক্দেবাদি। পূর্বে শুক্তক্ষর হয়েছে, তারপর বীর্যাধারণ, তাকে বলে ধৈর্যারেতা। বার বৎসর ধৈর্যারেতা হলে বিশেষ শক্তি জন্মার। ভিতরের মেধা নাড়ী নামে একটি ন্তন নাড়ী খুলে যার, তথন তার সব স্বরণ থাকে ও সব ধারণা করতে পারে।

\* इर श्रीज महित यो निक व्यादाम २म जान जहेवा।

#### —এগার—

### ব্রন্সচর্য্য সম্বন্ধে হিন্দুশান্ত্রের সিদ্ধান্ত

শ্বি পতঞ্জলি বলেন, "বীর্যধারণং ব্রহ্মচর্যম্।" ইহার অর্থ বীর্যধারণই ব্রহ্মচর্য্য। ব্রহ্মলান্তার্থ যে সব চর্য্যা অহন্তের ত্রমধ্যে অক্সতমকে ব্রহ্মচর্য্য বলে। বীর্যধারণ ও যৌন শক্তিক্ষর নিবারণই ব্রহ্মচর্য্যের মুখ্য উদ্দেশ্য। খবি যাজ্ঞবর্ষ্য বলেন—

> কর্মণা মনসা বাচা সর্বাবস্থাস্থ সর্বদা। সর্বত্র শৈথুনভ্যাগো ব্রন্ধচর্ষং প্রচক্ষ্যভে॥

অহ্বাদ—কর্মে, মনে ও বাক্যে সকল অবস্থায় সর্বকালে ও সর্বস্থানে বৈথুন ত্যাগকেই বন্ধচর্য বলে। বৈথুন শব্দের অর্থ যৌন সম্ভোগ।

ডা: শুইস বলেন, সকল প্রাসিদ্ধ শরীরতত্ত্বিৎ একমত বে, রক্তের সর্বাপেকা মূল্যবান্ কণিকাসমূহ শুক্রসঞ্জনে কার্যকরী হয়। দৈহিক সামর্থ্য, মানসিক শক্তি এবং বৃদ্ধির প্রাথ্য সংরক্ষণে শুক্রসঞ্চর অশেষ উপকারী।

ডাঃ ই. পি. মিলার লিখিরাছেন, স্বেচ্ছারুত বা অনিচ্ছারুত সর্বপ্রকার শুক্রুক্মরে জীবনী শক্তির প্রভাক্ষ অপচর হর। আরুর্বেদশান্ত্রেও ডাঃ সুইনের অভিমত সমর্থিত। চরক ও শুক্রুত প্রমুখ আরুর্বেদাচার্যপন বলেন, রক্তের সারভাগই শুক্রে পরিণত হয়। আরুর্বেদ-মতে মানবদেহ রস, রক্ত, মাংস, স্বেদ, অন্থি, মজ্জা ও শুক্র—এই সপ্ত ধাতুতে গঠিত। উক্ত শাস্ত্রে আছে—

এতে সপ্ত শ্বরং হিছা দেহং দধতি বন্ধান্। বসাস্ত-মাংস মেলোৎস্থি সজ্জান্তকাণি ধাতব:॥ অমুবাদ—বস, রক্ত, মাংস, মেদ, অস্থি, মজ্জা ও শুক্ত—এই সপ্ত ধাতৃ মানব দেহে অবস্থিত হইয়া স্বাস্থ্যবন্ধা করে। ধবি স্থাত বলেন—

> রসাৎ রক্তম্ ততো মাংসাৎ মেদ: প্রকারতে। মেদসোৎস্থি ততো মজা মজঃ শুক্রস সম্ভব:॥

অন্তবাদ—আমরা বে থাজজব্য উদরস্থ করি তাহা পরিপাক হইরা পাকস্থলীতে রসে পরিণত হয়। রস হইতে রক্ত, রক্ত ইইতে মাংস, মাংস হইতে মেদ, মেদ হইতে অন্তি, অন্তি ইইতে মজ্জা এবং মজ্জা ইইতে শুক্রের উৎপত্তি হয়।

স্তরা: শুক্রই স্ক্ষতম ধাতু এবং মানব দেহের সার পদার্থ। আয়ুর্বেলীর চিকিৎসকগণ বলেন, আমরা যে থাছ আহার করি তাহা পরিপাক হইরা পাঁচ দিন পরে রসে পরিণত হয়। রস পাঁচ দিন পরে রক্তে, রক্ত পাঁচ দিন পরে মাংসে, মাংস পাঁচ দিন পরে মেদে, এবং মেদ পাঁচ দিন পরে শুক্তে পরিণত হয়। অভএব ভুক্ত জব্য সাধারণতঃ পরিপাক হইবার পর শুক্তে পরিণত হইতে পরিশিল দিন সময় লাগে। আয়ুর্বেদ শাল্রমতে বাট ফোঁট। রক্ত হইতে এক ফোঁটা শুক্ত উৎপত্ন হয়। সর্বোদ্তম ধাতু শুক্তের প্রশংসা হিন্দু শাল্র এই ভাবে কীর্তন করিয়াছেন—

ভক্রং সৌমং সিতং স্বিধং বলপুটিকরং স্বতম্। গর্ভবীরুং বপুঃসারো জীবনাশ্রয়ো উত্তমঃ॥

অছবাদ—শুক্র সৌম্য, শুক্র, স্নিগ্ধ, বসবর্ধক ও পুষ্টিকর বসিয়া কথিত। ইহা গর্ভবীজ, দেহসার ও জীবনী শক্তির মূল ভিত্তি।

> যথা গন্ধসি সৰ্গিন্ত গুড়কেকু-রসে যথা। এবং হি সকলে কারে শুক্রং ডিগ্রুতি দেহিনাম্॥

অহবাদ—বেমন তৃত্তে শ্বত এবং ইক্ষুরণে গুড় ক্ষুতাবে নিহিড থাকে তেমনি মানব দেয়ের মর্কজ গুজ পরিব্যাপ্ত স্থাতে। মানবদেহে বে ছুইটি অগুকোর লিচ মুলে সংলগ্ন আছে সেইগুলিকে গুক্রজনক গ্রাহি বলে। অগুকোর্বরে এমন কতকগুলি জীবকোর অবস্থিত বাহা রক্ত ইইডে জক্র উৎপাদন করিতে সমর্থ। ঠিক বেমন মৌমাছিরা বিভিন্ন ফুল হইডে বিন্দু বিলু মুধু সংগ্রহ করিয়া মৌচাকে রাথে তেমনি অগুকোবের জীবকোরগুলি দেহত রক্ত হইটা নল বারা গুক্র হরতে বিন্দু বিন্দু গুক্র সঞ্চয় করে। গুক্র থলি হইতে ছুইটা নল বারা গুক্র মূজনালীতে নির্গত হয়। কামোন্তেরনার সময় গুক্রবাহী নালীর বার উন্মুক্ত হয়, অগু সময় উহা বন্ধ থাকে। উত্তেজিত অবস্থায় বিন্দু বিন্দু গুক্র মূজনালী দিয়া বহির্গত হয়। স্প্রদোষকালেও এইভাবে গুক্রকর হইয়া থাকে। পুরুষ-দেহে গুক্রস্কৃত্তি হয়। স্প্রদোষকালেও এইভাবে গুক্রকর হইয়া থাকে। পুরুষ-দেহে গুক্রস্কৃত্তি দীর্ঘকাল চলে, প্রতাল্পি বংসর পর্যান্ত। বিন্দু বিদ্বিত করিছে বার বিশ্ব বিজ্ঞান বংসর পর্যান্ত। এই সার বস্তাকে রক্তে মিল্লিত করিতে পারিলেই উহার স্কুট সন্থাবহার হয়, নচৎ উহার অপচন্ধ অবখ্যন্তানী।

অধ্যাপক গুরুদাস গুপ্ত তাহার "ছাত্র জীবন" নামক পৃত্তকে নিরোক্ত প্রকার স্থন্দর বর্ণনা দিরাছেন, কিরপে শুক্র উৎপর ও রক্ষিত হয়। অগুকোষ্ট্রের রক্ত-প্রবাহ অতি মহর বালয়া উহাতে রক্তের বহু সার পদার্থ সঞ্চিত এবং শুক্রে পরিণত হয়। প্রত্যেক অগুকোবে অনেক গুলি সরু নল আছে। সেগুলি মিলিত হইয়া একটি বড় নল স্পষ্ট করিয়াছে। ইহাই শুরুবাহী নল। ইহা স্থানি, ও মলুয়ার হইতে তলপেট পর্যন্ত বিভূত এবং অবশেষে মুক্রনালীতে প্রবিষ্ট। মুক্তনালীতে প্রবেশ করিবার পূর্বে ইহা বিভূত হইয়া একটি বড় গুলীর্ব, ও মলুয়ার হইতে তলপেট পর্যন্ত বিভূত এবং অবশেষে মুক্রনালীতে প্রবিষ্ট। মুক্তনালীতে প্রবেশ করিবার পূর্বে ইহা বিভূত হইয়া একটি বড় গুলীর সহিত সংযুক্ত হইয়াছে। ইহাকে শুরুগলী বলে। ইহা মুক্তাশয়ের অতি নিকটে অবস্থিত। মুক্তাশরের সহিত সংযুক্ত হইবার পূর্বে ইহা সত্যক্ত সক্ত হইয়া গিয়াছে। ইহা রবারের মত সংকোচন ও প্রমন্ত্রণে সমর্থ। স্কাবতঃই ইহা সংস্কৃচিক্ত থাকে এবং শুক্রকে বহিগ্রিভ ইইছে প্রের রা। শুক্রপদীর কোষগুলি সংকুচিত হইলে বড় নালের

অন্ত ভাগ বিভ্ত হয় এবং বড় নলের অন্ত ভাগ সংকৃচিত হইলে ভক্রথনীর কোষপ্রলি বিশ্বত থাকে। বড় নলের অস্ত ভাগ যতই শক্ত थारक छछहे एककम कम हम। अधरकार एक नर्वमा विम् विम् छे९ शम हहे मा বড় নল দিয়া যাইয়া ওজধলীতে সঞ্চিত হয়। কিন্তু মূত্রাশয় বড় নলের অন্ত ভাগের দিকে বন্ধ থাকার শুক্র মূত্রাশব্বে যাইতে পারে না। কামবেগ আসিলে বা উত্তেজনা হইলে শুক্র অগুকোষ হইতে শুক্র-পদীতে না যাইয়া বড নল দিয়া মূত্রনালীতে উপস্থিত হয়। যথন বহির্গমনের প্রয়োজন না থাকে তথন ইহা ভক্ত-থলিতে সঞ্চিত হয়। ভক্ত-থলী পরিপূর্ণ হইলে ইহার কুদ্র কুদ্র ছিদ্র দিরা <del>ওক্র-কণা</del> রক্তে মিশ্রিত হয়। তথন ইহা রক্তের খেত কণিকাতুল্য দেখার। কিন্তু সেগুলি এত কুদ্র বে অমুবীক্ষণ যন্ত্র সাহায্যেও সেগুলিকে রক্তে পৃথক্ ভাবে দেখা যার না। রক্তের খেত কণিকাতৃল্য সেগুলি ব্যাধি প্রতিরোধ এবং ক্ষত, কাটা ও মোচড়ান স্থান আরোগ্য এবং ন্তন মাংস স্পষ্ট করিতে সমর্থ। . সেইজ্ঞ যিনি ষতই উক্ত ধাতু রক্তে রক্ষা করিতে পারেন তিনি তত্তই ব্যাধি-মুক্ত থাকেন। এই কারণেই ব্রচন্ধারী সহকে ব্যাধিগ্রন্থ हन ना धवर दांशाकां इ हरेलं अवकातंत्री अर्थका महस्य दांशमूक हन। রজের সহিত নিল্লিত হইবার পর ওক্ত পুনরার অওকোষে ফিরিয়া যার এবং অন্ত উপাদন সহবোগে শ্রেষ্ঠতর ও গাঢ়তর আকার ধারণ করে। এই নৃতন भवार्थ वर्छ नत्नत्र मधा नित्रा भूनदात्र एक्क्थनीर्क यात्र। यथा मध्रत छेश পুনরার রক্তে মিশ্রিত হইরা বক্তকে শক্তিশালী করে। পুনরার ইথা অগুকোষে প্রবাহিত এবং আরো গাঢ় ও ওছ ওকে পরিণত হর। ওককর না হইলে ইহা ক্রমশঃ দেহ এবং মনকে সবল ও হুস্থ করে। অফুবীক্ষণ বন্ধ সাহাযো প্র্যবেশণ করিলে শুক্রকে কুত্র কুত্র বেলাচিত্রল্য অসংখ্য প্রোটোগ্ন্যাক্তম্ কোৰ বাবা পরিবেষ্টিত দেখা বার। উক্ত কোষগুলি এ্যালবুমেন ব্যতীত অন্ত কিছু नरह। धरे धानवूरमन वाजीज नाबुमधनी ध्र्वन हरेबा शर्छ। याहारक कारमाङ्ख উদ্ভেদনা বদা হয় ভাহা এই সাহুমগুলীর বিক্ষোভ মাত্র। স্বভরাং এমন চিভা বা এমন কাল করা উচিত নর, যাহা সায়্যওলীকে অস্বাভাবিক প্রকারে উদ্ধেশিত করিতে পারে।

মুদ্ধাশর, মলভাও ও শুক্রথলী পালাপালি অবহিত। মল, মুত্র বা উদয়হ বায়ুর বেগ ধারণ করিলে যে উত্তাপ স্টে হর তাহা শুক্রথলীকে উত্তপ্ত করে। তথন ঘনীভূত শুক্র বরফবৎ বা স্থতবৎ তরল হইরা বহিগমনার্থ মৃত্রনালীতে জমে। এই জন্তই মল মৃত্র বা বায়ুর বেগ ধারণ এত অনিষ্টকর। প্রাতঃকালে, মধ্যাহ্ন ভোজনের হই তিন ঘণ্টা পরে এবং অপরাক্তে প্রচুর জলপান করিলে কোষ্ঠ পরিক্ষার হইরা যায়। বীয়্য বা শুক্র ধারণ করিলে দেহে অন্তম ধাতৃ ওজস্স্ত হয়। পাশ্চাত্যদেশীয়গণ ওজস্কেই মানবীয় ম্যাগনেটিজম (আকর্ষণী শক্তি) বলেন। ওজাই অধ্যাত্ম শক্তির মূল উৎস এবং ব্যক্তিজের আসল উপাদান। ভাগবতে আছে—

ওজশ তেজা ধাতুনাং শুক্রান্তানাং পরং স্বতম্।
হাদরন্তমপি ব্যাপি দেহন্তিতিনিবন্ধনম্ ॥
বস্ত্র প্রবৃদ্ধে দেহস্ত তৃষ্টিপুষ্টিবলাদর:।
বর্মাপে নিরতো নাশো যন্মিংতিঠতি জীবনম্॥
নিশান্তন্তে যতো ভাবা: বিবিধা দেহসংশ্রয়া:।
উৎসাহ-প্রতিভা-ধৈর্যা-লাবণ্য-স্কুকুমার্তা:।।

অনুবাদ—রস হইতে শুক্র পর্যান্ত সপ্ত ধাতুর তেজকে ওল্প: বলে। সর্বদেহে পরিব্যাপ্ত হইলেও ইহা প্রধানত: হৃদরেই অবস্থিত। চিত্তের প্রফুল্লভা, দেহের পৃষ্টি ও বল ওজোবৃদ্ধির উপরেই সম্যক্ নিভর করে। ইহার অভিত্যে জীবন এবং ইহার অভাবেই মৃতু ঘটে। ইহাই জীবনের প্রধান অবলম্বন। উৎসাহ, প্রতিভা, ধৈর্য্য, লাবণ্য ও সুকুমারতা প্রভৃতি দেহ-গুণ ওজোধাতু হইতে উৎপন্ন হয়।

ঝবি ক্ষাত বলেন, "রসাদীনাং ক্রকান্তানাং ধাতুনাং বংপরং তেজঃ তংধলু ওলসঃ তদেব বলমিতি।" অর্থাৎ রস হইতে ওক্র পর্যান্ত সপ্ত থাতুর যে শ্রেষ্ঠ তেজ তাহা ওলঃ সন্তুত, তাহাই বল। শারলধর বলেন— ওল: সর্বশরীরস্থং স্বিঝং শীতং ভিরং সিতং। সোমাত্মকং শরীরক্ত বলপুষ্টিকরং মতম্॥

অমুবাদ—ওচঃ ধাতু সমগ্র শরীরে পরিব্যপ্ত থাকে। ইহা সিশ্ব, শীতল, স্থির ও চক্রবং শুল্ল। দেহের বল ও পুষ্টি সাধনে ইহা অদিতীয়।

ইহা হইতে স্থাপট প্রতীতি জন্মে বে শুক্রই মানব দেহের সর্বাপেকা মূল্যবান্ ধাতু ও সার পদার্থ। সেইজন্ত নিবসংহিতা বলেন—

> मदशर विम्पृशांटरम कीवनर विम्याद्यनार । जन्मर कित्यस्यम कित्रठार विम्याद्यनम् ।।

অমুবাদ—বীর্ষারণই জীবন, বীর্যাক্ষরই মৃত্যু। অতএব সর্ব প্রায়দ্ধরণ কল্যাণকর ও কর্তব্য।

গুৰু দন্তাত্ত্বের বলেন—
যদি সৰুং করোত্যেব বিন্দৃত্তস্য বিনশুতি।
আত্মক্ষবো বিন্দুহানাং অসামর্থ্যঞ্চ জায়তে॥

অহবাদ—নারী পুরুষসন্থ বা পুরুষ নারীসন্থ করিলে বীর্য্যপাত অবস্তভাবী। বীর্যাক্ষর আত্মহত্যাতৃন্য। ইহাতে দেহ-মনের অক্ষমতা ও অধর্বতা কলে।

জ্ঞানিগণ সত্যই বলিয়াছেন যে কাম-চিন্তাদি অষ্ঠ প্রকার নৈথ্ন নরকতৃত্য এবং ব্রহ্মচর্ব্য স্থাত্ত । হিন্দু শাব্রে ব্রহ্মচর্ব্যকে মহাব্রত বা শিরোব্রত
বলা হইরাছে। কারণ, ইহার উপকার বেমন অসীম, ইলাতে পূর্ণতা লাভও
তেমনি কটকর। আর্বেদ-জনক ধ্বভবির কোন ছাত্র তাহার নিকট সমগ্র
আর্বেদি শাল্প অধ্যারনান্তে বিদার প্রহণ কালে উহাকে জিজ্ঞাসা করিলেন
"ভগবন্ আমাকে স্বান্থ্যবন্ধার স্থকোশল শিক্ষা দিন।" ধ্বন্ধবি সহাস্যে উত্তর
দিলেন, "শুক্রই আ্লা। শুক্র্যারণই স্বান্থ্যবন্ধার উৎকৃষ্ট উপায়। যে শুক্রক্রয়
করে তাহার হৈছিক, নৈতিক বা মানসিক অবনতি ঘটে।" 'জ্ঞানসংক্রিমী'
ভব্লে দেবাদিধের মহানের বন্ধেন—

ন তপত্তপঃ ইত্যাহঃ ব্রন্ধচর্যাং তপোত্তমম্। উধ্ব'বেতা ভবেৎ যস্ত স দেবো ন তু মাছয়ঃ॥

অফুবাদ — দৈহিক কুজুতা বা অক্ত কোনও তপস্থা প্রকৃত তপস্যা নহে। ব্রহ্মচর্য্য পালন বা বীর্যাধারণই উত্তম তপস্থা। যিনি অথও ব্রহ্মচর্য্য পালনে সমর্থ তিনি মান্ত্রম নন, তিনি সাক্ষাৎ দেবতা।

সিন্ধে বিন্দৌ মহারত্নে কিং ন সিধাতি ভূতলে।
যক্ত প্রসাদার্শিয়া মধাপ্যেতাদুশো ভবেং।।

অসুবাদ—জ্জ মহামূল্য রত্নজুল্য। ইহা রক্ষিত হইলে পৃথিবীতে কোন সিদ্ধিই অপ্রাপ্য থাকে না। ব্রহ্মচর্য্য পালনের ফলেই ত্রিভূবনে আমার এতাদৃশী অপার মহিমা লাভ ধইরাছে।

ভগৰান্ শ্ৰীরামক্ষণ সভাই বলিয়াছেন, যে কামচিস্তা বা কামক্রিক্সা বর্জন করে তাহার নিকট ব্রিকৃবন ডুচ্ছ। ঋষি পতঞ্জলি বলেন, "ব্রহ্মচর্ব্য প্রতিষ্ঠায়াং বীর্যলাভঃ। অর্থাৎ বীর্যাধারনে সামর্থ্য জন্মিলেই সেহেবল ও মনেশক্তি উভরই লাভ হয়। হিন্দু শান্ত্রনতে অন্তপ্রকার মৈথুন চ্যাগেই ব্রহ্মচর্ব্য প্রতিষ্ঠিত হয়। ষ্থা—

শ্রবণং কীর্তনং কেলি প্রেক্ষণৎ গুছভাষণম্। সংক্রেহধ্যবসায়ক ক্রিয়ানিপত্তিরেব চ। এতব্যৈপুনমন্তাকং প্রবদস্তি মনীষিণঃ। বিপরীতং ব্রহ্মচর্য্যম্ অনুষ্ঠেরং মুমুকুভিঃ॥

অহবাদ—মনীবিণ বলেন, যৌনবিষরক প্রবণ, কীর্তন, ক্রীড়া, দর্শন, গোপনে আলাপ, সংকর, প্রচেষ্টা ও ক্রিয়া—এই আট প্রকার দৈণুন। ইহার বিপরীত অম্প্রানই বন্ধচর্যা। মুক্তিকামীগণ কর্তৃক বন্ধচর্যা অম্প্রের। কামচিন্তার প্রধার দিলেই ব্রন্ধচর্যা ওক হয়। অব্রন্ধচর্যার অম্প্রচান করিলে মান্ত্র পশু হইরা হার। ভিশু এই সভাই বলিয়াছেন, "যে কাম-চক্ষে নারীর প্রতি দৃষ্টিপাত করে সে মনে মনে ব্যাভিচারই ক্রিয়া থাকে।"

### হুর্জয় কামশক্তি

কামরিপু কত বলশালী, কামজয় কত কঠিন এবং কামের মূলোচ্ছেদ কত ছু:সাধ্য তাহা নিম্নলিখিত উপাধ্যান হইতে সহজেই অহুমের। সর্বদা সতর্ক থাকা সম্বেও কেহ বলিতে পারে না, কথন সে কাম কর্তৃক আক্রান্ত হইবে। তক্লণ সাধক-সাধিকাগণ কথনো কামজন্ত সম্বন্ধে একেবাত্তে নিশ্চিম্ভ হইবা व्यवकिष्ठ थाकिरत ना। এकना त्रांमरमव उाँशांत्र निश्चवुरमत्र निक्र कथा-প্রদক্ষে মন্তব্য করিবাছিলেন যে, ব্রন্ধচারীদের পক্ষে নারীসঙ্গ, এমন কি ব্রহ্মচারিণীর সম্বও পরিহার্য। ইহাতে তৎশিশ্ব পূর্ব মীমাংসা দর্শনকার জৈনিনি মন্তব্য করিয়াছিলেন "কামি ব্রহ্মচর্যো এত স্বপ্রতিষ্ঠিত যে, কোন লোভনীর বস্তু, এমন কি কোন স্থলরী তরুণীও আমাকে প্রলুক করিতে পারিবে না।" ব্যাসনের তাঁহাকে সাবধান করিয়া বলিলেন, "কামদমনের পিচ্চিল পথে নিশ্চিম্ভ-হওয়া একেবারে অফুচিত। এই বিষয়ে আরো সতর্ক থাকিও।" কিছু কাল পরে ব্যাসমূনি তাঁহার শিশ্ববর্গকে বলিলেন যে, তিনি তীর্থভ্রমণে যাইবেন এবং করেক মাস পরে ফিরিবেন। তপোবন ত্যাগের অব্যবহিত পরে তিনি এক কমল-নয়না চক্রবন্দনা স্থন্দরী রমণীর মূর্তি ধারণ করিলেন। উক্ত রমণী সন্ধ্যাকালে কোন বুক্তলে একাকিনী দণ্ডার্মানা ছিলেন। হঠাৎ আকাশ খন কুক্ত মেৰে আচ্ছন্ন এবং মুৰলধারে বৃষ্টি পড়িতে লাগিল। সেই সমন্ন লৈমিনি সেই পথ দিৱা স্বীর আশ্রমে ফিরিতে ছিলেন। পথে অসহারা রমণীকে দেখিয়া তংপ্রতি করণার্ত্র হইরা বলিলেন, "প্রির ভগিনী, তুমি আমার পার্ষবর্তী আশ্রমে বাইরা আরু রাত্রিবাস করিতে পার।" অমুসন্ধানে বধন তিনি জানিলেন जालाम बाहेबा किमिनि धकाकीहे बाद्यन धदः छबाद कान बमनी नाहे छबन

তিনি বলিলেন, "আমার মত তরুণী ত্রন্ধচারিণীর পক্ষে একাকিনী কোন ব্রন্ধচারীর সঙ্গে রাজিবাস বৃক্তিসকত ও নিরাপদ নয়।" যথন কৈমিনি তাঁহাকে আখাস দিলেন যে, তিনি স্থদ্চ ভাবে ত্রন্ধচর্যো প্রতিষ্ঠিত এবং তাহার নিকট হইতে তরুণীর কোন ভরের কারণ নাই, তথন তিনি আশ্রমে যাইতে সম্মত হইলেন। আশ্রমে তরুণী কুটারের মধ্যে এবং কৈমিনি বাহিরে রাজি বাপন করিলেন। গভীর রাজে ত্র্ন্থ্য কাম ছল্মবেশে কৈমিনির মনে প্রবিষ্ঠ হইল। বড়-বৃষ্টির অছিলায় তিনি কুটারাভাস্তরে যাইয়া শয়ন করিলেন। অবশেষে তিনি কামাসক্ত হইয়া রমণীকে আলিখন করিতে উন্মত হইলে ব্যাসদেব স্থকীয় স্থন্মপ প্নঃ প্রকটপূর্বক স্থলিয়কে বিশ্বিত ও তিরস্কার করিলেন এবং মিখা৷ দম্ভ ও অভিমান ত্যাগ করিতে উপদেশ দিলেন।

কামজর অনস্তব বলিলেও অত্যক্তি হয় না। কেবল যাহারা ঈশরচরণে আত্মসমর্পণ করেন এবং নিরস্তব সংসঙ্গ, সচিস্তা ও প্রার্থনার ব্যাপৃত থাকেন তাঁহারাই উক্ত অসাধ্য সাধনে সমর্থ হন। প্রত্যেক নারীতে মাতৃবৃদ্ধি বা নারীকে জগদখার অংশজাত মনে করা কামজরের একটি উৎকৃষ্ট উপার। ভগবান্ শ্রীকৃষ্ণ গীতামুণে বলিয়াছেন, কাম একটি নরক-হার; কাম হর্জর রিপু এবং কামচিস্তা মাত্যুকে নিররগামী করে। গীতার (৫।২৩) আছে—

শকোতীহৈব যা সোঢ়ৃং প্রাক্শরীরবিমোক্ষণাৎ। কাম-ক্রোধোম্বরং বেগং স যুক্তঃ স স্থুখী নরঃ॥

আছবাদ—ইহজীবনে বিনি মৃত্যু পর্যন্ত কাম ও ক্রোধের বেগ ধারণ করিতে, পারেন তিনিই সাধু, তিনিই স্থা। কাম ব্যাহত হইলে ক্রোধে পরিণত হয়। শরীরে রোমাঞ্চ, হাইনেত্র ও পুলকিত বদনাদি কামবেগের চিহ্ন। শরীরে কম্পা, প্রবেদ, অধরোষ্ঠের দংশন ও আরক্ত নরনাদি ক্রোধ্বেগের লক্ষ্ণ। ভর্তৃহরি তাঁহার প্রসিদ্ধ বৈরাগ্য শতকে বলিয়াছেন—

বলীভিমূপিমাক্রান্তং পলিডেনাবিডং শির:। গাত্রানি শিধিলারতে ভূম্ফেকা ভঞ্গারতে॥৮ ভর্তৃহরি অন্তন্ধ বলিয়াছেন,—
তৃষ্ণাঃ ন জীর্ণাঃ বন্ধমেব জীর্ণাঃ।

অহবাদ—মুথের চর্ম সন্থাচিত, মাথার চুল সাদা ও অলপ্রত্যক শিধিল হর এবং একা তৃষ্ণাই তরুণী হইতেছে।...তৃষ্ণার কর না হইরা আমরাই কীর্ধ হইলাম। তৃষ্ণার তাড়নার আমরাই শক্তিকীন হইতেছি। স্কুডরাং সর্ব তৃষ্ণার উচ্ছেদ করে সংযম সাধনই সর্বতোভাবে করণীর।

জেরোম কামশক্তি ও কামজরের হঃসাধ্যতা সম্বন্ধে কুমারী ইউপ্টোচিরামকে লিখিয়াছেন, "হায় ! সেই স্ব্যাদশ্ব স্বিশাল মক্ষত্নির নির্জনচায় প্রবাস সাধ্র পক্ষে কি ভরহর ৷ তথার কত বার না আমি নিজেকে রোমের আনন্দ-বেষ্টিত মনে করিতাম। যথনই দেই কোমল ভাব আসিত তথনই মন নামিলা বাইত। আমার সর্বান্ধ একটা মোটা ছিল চটু দারা আবৃত থাকিত। রৌদ্রে আমার গারের বঙ ইথিওপিরাবাসীর মত ঘন কাল হইরা গিরাছিল। প্রত্যহ আমি আর্তনাদ ও ক্রন্দন করিতাম এবং যদি আমি অনিচ্ছায় নিত্রাভিত্তত হইভাম আমার শীর্ণ দেহ ওরু মাটিতেই লুটাইত। আমার আহার্য্য ও পানীর সংক্ষে কিছুই বলিতে চাহি না। কারণ মঞ্জুমিতে অক্স্থ অক্স ব্যক্তিরাও ঠাণ্ডা জল ব্যতীত অন্ত কোন পানীর পার না। নরকের ভরেই আমি নির্জন কারাবাস এবং বস্ত পণ্ড ও বৃশ্চিকের সদ স্বীকার করিরাছিলাম। এমন অবস্থাতেও আমি প্রারই করনার রমণী-মণ্ডলে বেষ্টিত चाकिजाम। উপবাসে जामात्र मूथ मनिन चाकिछ এবং छोर्ग म्हिट्य महा चामाव मन वामनाव वर्षविष हिन। जामाव मुख्याव नवीरवव घरश कामानन श्राबरे बनिवा डिठिठ।" ब्लादारमद मदन डिक्ति रहेरछ व्याया बाब, কামকৰ কত কটিন কাৰ্য।

### ব্রহ্মচর্য্য রক্ষার উপায়

ভার এম বিখেখবাইরা ছিলেন মহীশ্র রাজ্যের ভূতপূর্ব কেওরান। ভিনি একজন প্রতিভাশালী বৈজ্ঞানিক ও চিরকুমার পুরুষ ছিলেন। একদা কোন শিক্ষিত কুমার ভাঁহার নিকট ঘাইরা বলিলেন, "মহাশয় আমি খেছার কৌমার্য্য বরণ করিয়াছি। কিন্তু সম্প্রতি আমার মনে চাঞ্চল্যের লক্ষ্প দেখা याहेट्ड । किक्र ए जामांव कोमार्या बका कवा यात्र ?" श्रवीन मश्यमी পুরুষের অবিশ্বিত উত্তর আসিল, "আরো করেক বৎসর তোমার ভালবাসা বরজ-চাকা রাধ।" কোন সময় আমি এক মহাপুরুষকে জিজাসা করিছা-हिनाम, "बन्नध्या कि ?" आमि आना कविवाहिनाम एव, खालाब छक्टब কতিপর নৈতিক বিধি ও দিনচ্ঠ্যার উল্লেখ খাকিবে। কিছ আমাকে চমৎক্রত করিয়া জিনি সহজ্ব ভাবে বলিলেন, "ভোমার মনকে শিশু-মনের में बाबीयन नवन, निर्माय, शक्कि ७ जनामक वाथ। जाराहे कीशाया. **ভাহাই ब्रफार्वा।" डेक मराशुक्रम शूनवात्र मध्कर्जुक विकातित रहेबाहित्सम,** "কিরপে কামকর করা বার-।" তছন্তরে তিনি বলিরাছিলেন, "প্রক্ষচর্বের বৃলার্থ কারজয়। কিছ কামজয় অসম্ভব। কারণ मनानकि। विकास क्षृक ध्रमानित रहेश्वाद्य (य, नक्किरक मर्ट कवा बाब না। কাম ভূৰিতে হইবে। কামের বোড় কিরিরে বাও, কামকে স্মভিক্রম কর এবং কাষ্ট্রে রুলান্ডরিত কর। প্রস্পারের **শ্রীভি**তে 'ভালবাল, অংশ্বতিকে ভালবাল, বিভার্জনকৈ ভালবাল। তাহাইইলে জাম मत्र वरेरव ।" काम-किया वा काम-किया क्षिक्त वरेरक वरेरन और जनन देशाव

অবশুই অবশ্বনীয়। কামজ্বর ও ত্রন্ধার্য্য পালনের একটা উৎকৃষ্ট উপায় বিশ্বাচর্চার মাতিরা বাওরা। ইসলাম ধর্ম প্রবর্তক মহন্দ্রদ সভাই বলিরাছেন, জ্যানার্জন প্রত্যেক মুসলমান নর-নারীর কর্তব্য। দোলা হইতে কবর পর্যান্ত সারা জীবনে জ্ঞানাথেবণ কর। অভিবিক্ত উপাসনা অপেক্ষা অতিবিক্ত বিস্থাচর্চা ভাল। বিশ্বানের কালী সহিদের রক্ত অপেক্ষা পবিত্রত্ব ।''

ঋৰি অৱবিন্দ তৎপ্ৰণীত "বোগের ভিত্তি" নামক ইংবাঞ্জী পুস্তকে মস্তব্য क्तिब्राह्म, "बन्नाहर्शव विक्ष मरज्य मृत्न धरे धावना विक्रमान रम, मानवीव দেহ-প্রাণ সংঘাতের ইহা স্বাভাবিক অংশ এবং আহার ও নিজার মত ইহা **প্রবোজনীয়** এবং ইহার সম্পূর্ণ সংখ্য মানসিক বিশৃঙ্খলা ও তুরারোগ্য ব্যাধি উৎপন্ন করিতে পারে। অবশ্র ইহা সত্য যে, বাহু কর্মে কামদমন এবং मत्न बत्न व। अञ्च ভाবে कारमञ्ज क्षांब पिरम एएर्डड द्वांश ७ मखि, कड विकृति ঘটিতে পারে। ডাক্টাবদের অভিমতের ইহাই কারণ এবং এই জক্তই ভাঁহারা সম্পূর্ণ বীর্যধারণের বিরোধী। কিছু আমি বিশেষভাবে লক্ষ্য করিয়াছি বে. এই সকল ঘটনা তথনই ঘটে ঘণন কল্পনায় বিভ্ৰাস্ত প্ৰাণশক্তির গুপ্ত প্রশ্রর চলে বা ছই ভিন্ন প্রাণের মধ্যে অদুখ্য ভাব-বিনিমর হয়। বধন আত্ম-জরের উদ্দেশ্যে ইন্দ্রিরদয়নের প্রচেষ্টা চলে তথন কোন অনিষ্ট হয় বলিয়া আমি मत्न कवि ना। रेखेद्वार्थ अदनक हिकिश्मक व्यवन श्रीकांव करवन रहे. कामबाद आखदिक किहा गर्वामार खेलकादी। दिखार व मी निक नमार्च आह जारा माश्ररवर (मृह मन, मिछक ७ প्राणां मिएक विनेष्ठे करते। हेहांत बाता काना বার, বেতঃকে ওল্পনে পরিণত করা এবং স্থল শক্তিকে ভূম্মতম আখ্যাত্মিক শক্তিতে রূপান্তরিত করার কথা ব্রন্ধচর্য্যের ভারতীয় আদর্শে বাহা আছে তাহা কত সত্য, কত স্বাস্থ্যকর, কত শব্দিপ্রদ।"

